সুদক্ষ ট্রেনার দ্বারা Two / Four Wheeler ড্রাইভিং শেখানো হয়।
City
The dream come true
SAFE DRIVE SAVE LIFE
Driving School
+91 7872 68 68 61
Ramkrishna Mission More, Malda.

জরুরী

আমার শহর

অপ্রতিদ্বন্দ্বী পাক্ষিক ফ্রি শিটার

১২ / ৫৮৯ aamaarshahor.com

মালদা ১৭ অগ্রহায়ণ, ১৪৩২ বৃহস্পতিবার, ৪ ডিসেম্বর, ২০২৫ ২৩ বর্ষ ১৬তম সংখ্যা বিনামূল্যে বিতরণের জন্য

বিজ্ঞাপন বিভাগ ঃ 9233 44 45 46

ॐ পাথর ছাড়াই প্রতিকার সম্ভব
জগদম্বা জ্যোতিষ কেন্দ্র
মালদা # 9332056956

সিভিল সার্ভিসের দরজা খুলে দেবে

বিএ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন

বিএ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন একটি জনপ্রিয় স্নাতক প্রোগ্রাম যা সরকারি সংস্থা, প্রশাসনিক কাঠামো এবং নীতি নির্ধারণে প্রশাসনের ভূমিকা নিয়ে গভীর আলোচনা করে। এই কোর্সটি বিশেষ ভাবে তাঁদের জন্য উপযুক্ত যাঁরা পাবলিক সার্ভিস, সিভিল সার্ভিস বা প্রশাসনিক ক্ষেত্রে কেরিয়ার তৈরি করতে আগ্রহী।

ভারতে সরকারি ও প্রশাসনিক ব্যবস্থার বিস্তার ও জনমানসে তার প্রভাব অত্যন্ত জটিল এবং বিশাল। এই ব্যবস্থাকে বুঝে ওঠা সহজ কাজ নয়। যাঁরা সত্যি বুঝতে চান এই বিপুল জনসংখ্যার দেশটিকে যে ব্যবস্থা মসৃণভাবে পরিচালনা করে, সেই ব্যবস্থার মধ্যে এমন কী জাদু আছে? তাঁদের কাছে পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড গভর্নেন্স একটি অনবদ্য কোর্স। এই কোর্সে রয়েছে শক্তিশালী কেরিয়ারের দুর্দান্ত সম্ভাবনাও।

যোগ্যতা ঃ

বিএ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড গভর্নেন্স কোর্সে ভর্তি হতে প্রার্থীকে নিম্নলিখিত যোগ্যতার শর্ত পূরণ করতে হবে।

শিক্ষাগত যোগ্যতা ঃ

প্রার্থীকে উচ্চমাধ্যমিক (দ্বাদশ) পরীক্ষায় একটি স্বীকৃত বোর্ড থেকে পাশ করতে হয় সাধারণত সোশ্যাল সায়েন্স শাখায়। তবে অন্যান্য শাখার ছাত্র-ছাত্রীরাও এই কোর্সের জন্য যোগ্য হতে পারেন, তবে ওই ছাত্র-ছাত্রীদের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানে নানা রকম শর্ত থাকে।

ন্যূনতম নম্বর ঃ

বেশিরভাগ প্রতিষ্ঠান ন্যূনতম ৫০ শতাংশ নম্বর অর্জন করার শর্ত দেয়, তবে এটি প্রতিষ্ঠানের উপরে নির্ভর করে এবং পরিস্থিতি অনুযায়ী তা কিছুটা পরিবর্তিতও হতে পারে।

প্রবেশিকা পরীক্ষা ঃ

বেশ কিছু বিশ্ববিদ্যালয় মেধার ভিত্তিতে ভর্তি করে, তবে কিছু প্রতিষ্ঠান প্রবেশিকা পরীক্ষা নেয়, যেখানে সাধারণ জ্ঞান, যুক্তি এবং নৈপুণ্য মূল্যায়ন করা হয়। ভর্তি প্রক্রিয়া বিশ্ববিদ্যালয় ভেদে ভিন্ন হতে পারে, তাই প্রার্থীদের তাদের পছন্দের প্রতিষ্ঠানের নিয়মাবলী দেখে ভর্তি হতে হবে।

সিলেবাস ঃ

★ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনের পরিচিতি প্রশাসনিক তত্ত্ব, কাজকর্ম এবং সরকারি সংস্থাগুলির কাঠামো সম্পর্কিত ধারণা।

★ **তত্ত্ব ও তাত্ত্বিকতা ঃ** রাজনীতি নিরপেক্ষ প্রশাসন, মলাতান্ত্রিকতা, প্রশাসনের সঙ্গে মানুষের সম্পর্ক নিয়ে বিখ্যাত তত্ত্বগুলির চর্চা।

★ **রাষ্ট্রবিজ্ঞান ও রাষ্ট্রচর্চা ঃ** রাজনৈতিক চিন্তা এবং শাসনব্যবস্থা, সরকারের কাঠামো এবং নীতি নির্ধারণ করা।

★ **ভারতীয় সংবিধান ঃ** ভারতের সংবিধান, তার ঐতিহাসিক পটভূমি এবং প্রধান বিধানগুলির আলোচনা।

★ **ভারতীয় প্রশাসন ঃ** ভারতীয় প্রশাসনের গঠনতন্ত্র ও কার্যকারিতা, প্রশাসনের যুক্তরাষ্ট্রীয় কাঠামো।

★ **স্থানীয় সরকার এবং গ্রামীণ উন্নয়ন ঃ** স্থানীয় সরকার কাঠামো এবং গ্রামীণ উন্নয়ন কর্মসূচী।

★ **কম্প্যারেটিভ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন ঃ** বিভিন্ন দেশের প্রশাসনিক ব্যবস্থা এবং তাদের শক্তি ও দুর্বলতা।

★ **আর্থিক প্রশাসন ঃ** বাজেট তৈরি, অর্থনৈতিক নিয়ন্ত্রণ এবং সরকারি অর্থনীতির পরিচালনা।

★ **পাবলিক পলিসি ঃ** প্রশাসনে নীতির ভূমিকা এবং জনস্বার্থে পাবলিক পলিসি নির্মাণ।

★ **পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন এবং নীতি ঃ** শাসনে নৈতিকতা, স্বচ্ছতা এবং জবাবদিহি নিয়ে আলোচনা। এ ছাড়া, ছাত্র-ছাত্রীদের জন্য নির্ধারিত অভ্যন্তরীণ প্রকল্প, ইন্টার্নশিপ এবং মাঠে নেমে কাজ করার মাধ্যমে বাস্তব অভিজ্ঞতা অর্জন করার সুযোগও থাকে।

উচ্চশিক্ষা

★ বিএ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড গর্ভর্নেন্স কোর্স শেষে ছাত্রছাত্রীরা বিভিন্ন উচ্চতর শিক্ষার সুযোগ নিতে পারেন।

জনপ্রিয় কিছু উচ্চ শিক্ষার পথ হলো মাস্টার্স

★ ছাত্রছাত্রীরা মাস্টার ইন পাবলিক পলিসি বা মাস্টার ইন পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন নিয়ে বিশ্ববিদ্যালয়-গুলিতে স্নাতকোত্তর কোর্স করতে পারেন।

সিভিল সার্ভিস প্রস্তুতি

★ অনেক গ্র্যাজুয়েটই ইউপিএসসি, সিভিল সার্ভিস পরীক্ষায় অংশ নেন এবং আইএএস, আইপিএস বা আইএফএস-এর মতো মর্যাদাপূর্ণ সিভিল সার্ভিসে যোগ দিতে পারেন।

পোস্টগ্র্যাজুয়েট ডিপ্লোমা

★ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন বা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টের মতো বিষয়গুলিতে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সও হয়।

কেরিয়ারের সম্ভাবনা সিভিল সার্ভিস

★ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনের গ্র্যাজুয়েটরা সাধারণত আইএএস, আইপিএস, আইএফএস এর মতো সিভিল সার্ভিসে যোগ দিতে চান।

★ **পাবলিক সেক্টর ঃ** এন্টারপ্রাইজ, সরকারি নানা সংস্থা বা পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনে প্রশাসনিক কর্মকর্তা বা ম্যানেজার হিসেবে কাজ করার সুযোগ রয়েছে।

এনজিও

★ এনজিওতে প্রজেক্ট ম্যানেজার, পলিসি অ্যানালিস্ট বা রিসার্চার হিসেবে কাজ করা যায়।

পলিসি অ্যানালিস্ট

★ সরকারি সংস্থা, থিংক ট্যাঙ্ক বা আন্তর্জাতিক সংস্থায় পলিসি অ্যানালিস্ট হিসেবে কাজ করার সুযোগ রয়েছে।

★ গবেষণায় কেরিয়ার গড়তে পারেন বা কলেজে শিক্ষক হিসেবে যোগ দিতে পারেন।

গুরুত্বপূর্ণ কথা

পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন কোর্সটি পড়ুয়াদের দেশের শাসন, প্রশাসনিক কাঠামো এবং পাবলিক পলিসির উপরে একটি সুদৃঢ় জ্ঞান প্রদান করে, যা সরকারি নানা পরিষেবা, সিভিল সার্ভিস এবং পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনে একটি সফল কেরিয়ার গঠনে সাহায্য করে। এই কোর্সে উত্তীর্ণ পড়ুয়ারা সরকারি নিয়োগ সংক্রান্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির সময় সুবিধে পেয়ে থাকেন। পাবলিক সার্ভিসের প্রতি যে ভঅবে আগ্রহ বৃদ্ধি পাচ্ছে, তাতে এই কোর্সের প্রতি চাহিদা ভালোই বাড়ছে।

এজলাসের বাইরেও বিভিন্ন পেশার হদিস দিচ্ছে এলএলবি।

পাঁচ বছরের এই কোর্সটি আইন পেশার প্রতি আকৃষ্ট পড়ুয়াদের জন্য অত্যন্ত জনপ্রিয়। এটি সামাজিক কাঠামো ও নিরপত্তা বোঝায় পাশাপাশি আইন শিক্ষা সম্পকেল একটি মজবুত ভিত্তি প্রদান করে।

যোগ্যতা

যে কোনও স্বীকৃত বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। বিএ এলএলবি কোর্সে ভর্তির ক্ষেত্র ন্যূনতম ৪৫ শতাংশ থেকে ৫০ শতাংশ পর্যন্ত নম্বরের প্রয়োজন। বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয় সাপেক্ষে নম্বরের পরিবর্তন হতে পারে। বার কাউন্সিল অফ ইন্ডিয়ার (বিসিআই) নির্ধারণ করা বয়সসীমা এখন কিছুটা শিথিল করা হয়েছে।

প্রবেশিকা ঃ সাধারণত জাতীয়, রাজ্য অথবা

(এরপর ৩-এর পাতায়)

গৌড় রোড মোড় নিকটস্থ
কৃষ্ণ জীবন সান্যাল রোডে উপযুক্ত পরিবেশে
ডক্টরস চেম্বার পাওয়া যাচ্ছে
শ্রীকৃষ্ণ মেডিসিন সেন্টার
গৌড় রোড মোড়ের কাছে কে. জে. সান্যাল রোড, মালদা।
M : 73843 20877 (W) / 83486 56236

গ্যাস কেন হয়? মুক্তির উপায়

আমাদের অন্ত্রে বহু খাদ্য পাচনকারী ব্যাক্টিরিয়া থাকে। সেগুলো উপকারী বটে। আমাদের খাদ্যনালির মাধ্যমে খাবার যখন অন্ত্রে পৌঁছায়, তখন এই ব্যাক্টিরিয়াগুলি এনজাইম ক্ষরণ করে। এর ফলে তাড়াতাড়ি খাদ্য হজম হয়। অনেক সময় খাওয়ার পর ব্যাক্টিরিয়ার কারসাজির ফলে গ্যাস তৈরি হয়। কিছু মানুষের ক্ষেত্রে এই গ্যাসের সমস্যা বেশি, বিশেষ করে যাঁদের ল্যাকটোজ ইনটলারেন্স আছে। এক্ষেত্রে খাবার সহজে হজম হয় না। আর তা যদি হয় অনিয়মিতভাবে খাবার খাই। সেক্ষেত্রে খাওয়ার পরে হজম ঠিকঠাক হয় না। হজম ঠিকঠাক না হওয়ায় নানারকম সমস্যা হতে পারে। যেমন পেট ফুলে ওঠা, পেটে সবসময় ভরা ভরা ভাব, মুখ দিয়ে দুর্গন্ধযুক্ত ঢেঁকুর ওঠা প্রভৃতি। খাওয়ার অভ্যাস বদলালে এগুলো থেকে সহজেই মুক্তি পাওয়া যায়।

অন্ত্রের সঙ্গে মাথার কোনওরকম কোনও নল নেই যে অন্ত্রে তৈরি হওয়া গ্যাস মাথায় উঠে যাবে। মাথাব্যথার মতো সমস্যারও কোনও সংযোগ নেই গ্যাসের সঙ্গে। মাথাব্যথার নানারকম কারণ থাকতে পারে। তারমধ্যে মাইগ্রেনের সমস্যা থাকতে পারে। অতিরিক্ত টেনশন থেকেও মাথাব্যথা হতে পারে।

গ্যাস্ট্রাইটিসের কারণ কী

গ্যাস্ট্রাইটিস সাধারণত দুই ধরনের হয় - অ্যাকিউট এবং ক্রনিক। অ্যাকিউট গ্যাস্ট্রাইটিস ধূমপান, অ্যালকোহল সেবন এবং ব্যথার ওষুধ ও অ্যাসপিরিন গ্রহণের ফলে হতে পারে। অন্যদিকে, ক্রনিক গ্যাস্ট্রাইটিস, সাধারণত জিনঘটিত কারণে হয়। এছাড়া হেলিকোব্যাকটর পাইলোরি ছাড়া কোনওভাবেই ভুরিভুরি অ্যান্টাসিড জাতীয় ওষুধ খাওয়া উচিত নয়। যাঁরা অতিরিক্ত গ্যাসের সমস্যায় ভোগেন তাঁদের বিভিন্ন সমস্যা হতে পারে। যেমন পেটের আলসার থেকে শুরু করে দুধের খাবার তাহলে তো কথাই নেই। মিষ্টি, দুধ চা-যা খাবেন তাতেই সমস্যা হবে। যাঁদের দুধ হজম হয় না তাঁরা অধিকাংশই বাওয়েল সিনড্রোমে ভোগেন। তাই পেটের সমস্যায় দুধ পুরোপুরি নিষিদ্ধ।

অনেক সময় আমরা সাধারণত ইনফেকশন থেকেও হতে পারে।

কী করবেন

গ্যাসের সমস্যার রকমফের হতে পারে। তাই যাঁরা খাবারদাবার নিয়ম করে খাওয়ার পরেও গ্যাসের সমস্যায় ভোগেন তাঁরা চিকিৎসকের পরামর্শ নিতে পারেন।

চিকিৎসকের পরামর্শ

নানারকম ইনফেকশন।

অ্যান্টাসিডের পার্শ্বপ্রতিক্রিয়া

যাঁরা প্রয়োজন ছাড়া অ্যান্টাসিড জাতীয় ওষুধ খেয়ে যাচ্ছেন, দিনের পর দিন তাঁদের ভবিষ্যতে আয়রন, ভিটামিন, ম্যাগনেশিয়ামের অভাব দেখা দেবে। এমনকি হাড় টয়,

(এরপর ২-এর পাতায়)

LITTLE MIRACLES ENGLISH ACADEMY
(PLAY, LEARN, CREATE) ENGLISH MEDIUM (C.B.S.E.)
সহজ পাঠ শিশু মন্দির (W.B.B.P.E.)
(বাংলা মাধ্যম)
Education is "an all-round drawing out of the best in child's body, mind and spirit." — Gandhi Ji.
ADMISSION OPEN
YOUR WINGS ALREADY EXIST BE READY TO FLY
OUR PROGRAM INCLUDE
• Joyful learning in creative ways.
• Personality development & grooming.
• Group activities.
• Dance, yoga, music, art, spoken English.
• Loving atmosphere.
PLAY GROUP NURSERY JR. KG. SR. KG
Avirampur Bandh Road, Malda - 732103
Contact : 98300 91703 / 94747 21114 / 82939 89229

আনন্দম শিক্ষা নিকেতন
প্রি-নার্সারী, নার্সারী, কে.জি. ও প্রাথমিক বিদ্যালয় মো ঃ ৯৭৩৫০ ৯৩৪৪২
উত্তর সিঙ্গাতলা (তিতাস ক্লাবের নিকটে), মালদা
ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ঃ ২০২৬
আগামী ২০২৬ শিক্ষাবর্ষে প্রি-নার্সারী (বয়স ২+), নার্সারী (বয়স ৩+) থেকে নবম শ্রেণিতে খালি আসন সংখ্যা অনুসারে
ভর্তির ফর্ম দেওয়া ও ভর্তি নেওয়া চলছে।
সময় ঃ সকাল ১১টা থেকে বেলা ৩টা (শনিবার ১১টা থেকে ১টা)
(উপরের লিখিত ভর্তির বয়স ১.১.২০২৬-এর ক্ষেত্রে প্রযোজ্য)

বার্থ সার্টিফিকেট
ড্রাইভিং লাইসেন্স
পাসপোর্ট
স্কুলের কাগজপত্র
জমির দলিল
পলিসি সার্টিফিকেট
চাকুরীর নিয়োগপত্র
সমস্ত সরকারী কাগজপত্রে
নামের বানান সঠিক আছে তো?
এফিডেফিট করে
সংবাদপত্রে সঠিক নাম ঘোষণা করুন।
পরামর্শ ও সহযোগিতা ঃ
মাস মিডিয়া
শুধু প্রচার করে না, প্রসার ঘটায়
মকদুমপুর রথঘরের বিপরীতে, মালদা
9233 44 45 46

হোম লোন

অর্থ সাশ্রয়ে চাই সঠিক পরিকল্পনা

কৌশিক রায়
(বিশিষ্ট ফিন্যান্সিয়াল অ্যাডভাইজার)

স্বপ্নের মতো একটি নিজের বাড়ি, এই স্বপ্ন দেখেন প্রায় সবাই। এই স্বপ্ন পূরণের জন্য ব্যাংক বা কোনও আর্থিক প্রতিষ্ঠান থেকে হোম লোন নেন অনেকেই। লোনের মাধ্যমে স্বপ্ন তো পূরণ হল। কিন্তু সেই লোন পরিশোধে সঠিক পরিকল্পনা না থাকলে তা একটা বড় ফাঁদে পরিণত হতে পারে। তাই সতর্ক থাকতে হবে। হোম লোনের খুঁটিনাটি পর্যালোচনা করতে হবে। লোন পরিশোধের একটি স্পষ্ট রোড ম্যাপ তৈরি করতে হবে। এই প্রতিবেদনে সেই বিষয়ে আলোকপাত করা হল।

হোম লোন কী?

বাড়ি কেনা বা নির্মাণ, বাড়ি মেরামত, জমি কেনা ইত্যাদি কারণে হোম লোন নেওয়া যায়। ঋণের বদলে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কাছে সম্পত্তিটি বন্ধক হিসেবে রাখতে হয়। ঋণ সম্পূর্ণ পরিশোধ হলে সম্পত্তির দলিল ফেরত পাওয়া যায়।

হোম লোনের প্রকারভেদ

হোম পারচেজ লোন : নতুন বা পুরোনো বাড়ি/ফ্ল্যাট কেনার জন্য এই লোন পাওয়া যায়।

হোম এক্সটেনশন লোন : বিদ্যমান বাড়ি আরও সম্প্রসারণ করার জন্য এই লোনের জন্য আবেদন করা যায়।

হোম ইমপ্রুভমেন্ট লোন : বিদ্যমান বাড়ি মেরামতের জন্য এই লোন পাওয়া যায়।

ল্যান্ড পারচেজ লোন : বাড়ি তৈরির জন্য জমি কিনতে লোন পাওয়া যায়।

সম্পত্তি বন্ধকি লোন : সম্পত্তি বন্ধক রেখে লোন পাওয়া যায়।

ব্যালেন্স ট্রান্সফার লোন : একটি চালু হোম লোন পরিশোধ করতে কম সুদের হারে এই লোন পাওয়া যায়।

হোম লোন সম্পর্কিত কয়েকটি বিষয়

➡ রাষ্ট্রায়ত্ত ব্যাংক, বেসরকারি ব্যাংক বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে সুদের হার ভিন্ন হতে পারে। ঋণ নেওয়ার আগে তা পর্যালোচনা করতে হবে।

➡ সম্পত্তির মোট মূল্যের ৮০-৮৫ শতাংশ পর্যন্ত লোন পাওয়া যায়।

➡ হোম লোনের মেয়াদ সাধারণত ৫ থেকে ৩০ বছরের হয়। ঋণ গ্রহীতার আয় ও লোন শোধের ক্ষমতা অনুযায়ী এই মেয়াদ নির্ধারণ করা হয়।

➡ বর্তমান হোম লোনে সুদের হার নির্দিষ্ট হয় না। সুদের হার কমলে বা বাড়লে ইএমআই পরিবর্তিত হয়।

➡ হোম লোনের আসল এবং সুদ পরিশোধের জন্য আয়কর আইনের যথাক্রমে ৮০ সি এবং ২৪ ধারায় ছাড় পাওয়া যায়।

➡ ন্যূনতম ২১ বছর বয়স না হলে হোম লোনের জন্য আবেদন করা যায় না।

➡ হোম লোনের জন্য রেজিস্ট্রেশন চার্জ, ট্রান্সফার চার্জ, প্রসেসিং চার্জ, অ্যাপ্লিকেশন ফি প্রভৃতি বিবিধ খরচ যোগ হতে পারে। ঋণ নেওয়ার আগে এই বিষয়টি পর্যালোচনা করতে হবে।

হোম লোনের জন্য প্রয়োজনীয় নথি

➡ চাকুরিজীবীদের জন্য প্রয়োজনীয় আধার কার্ড, ভোটার আইডি কার্ড, প্যান কার্ড, শেষ তিন মাসের স্যালারি স্লিপ এবং শেষ তিন মাসের ব্যাংকের স্টেটমেন্ট।

➡ স্বকর্ম সংস্থান যুক্ত ব্যক্তিদের ক্ষেত্রে প্রয়োজন আধার কার্ড, ভোটার আইডি কার্ড, প্যান কার্ড, গত দুই বছরের অডিট রিপোর্ট, অফিস/ব্যবসার ঠিকানার প্রমাণপত্র, শেষ ৬ মাসের ব্যাংক স্টেটমেন্ট।

যে ভুল এড়াতে হবে

➡ অনেকেই মনে করেন ইএমআই মূলধন এবং সুদের মধ্যে সমানভাবে ভাগ করা হয়। তা একেবারেই ভুল ধারণা। ঋণ নেওয়ার প্রথম বছরগুলিতে ইএমআই-তে ৭০-৮০ শতাংশ সুদ এবং বাকিটা মূলধন—এভাবেই ভাগ করা হয়। তাই শুধু ইএমআই-তে মনোযোগ দিলে হবে না।

➡ ইএমআইয়ের বোঝা কমাতে অনেকেই মেয়াদ বাড়িয়ে নেন। তাতে অনেক বেশি অর্থ পরিশোধ করতে হয়। এই বিষয়টি আরও গুরুত্ব দিয়ে ভাবতে হবে।

➡ বর্তমানে প্রায় সব হোম লোনই ফ্লোটিং। অর্থাৎ রেপো লিংকড লেন্ডিং রেট। রিজার্ভ ব্যাংক রেপো রেট কমালে ব্যাংক ও হোম লোনে সুদের হার কমায়। এই বিষয়ে নিয়মিত নজরদারি রাখতে হবে।

সাশ্রয় করবেন কীভাবে?

➡ প্রতি বছর ইএমআই ৫-১০ শতাংশ বৃদ্ধি করলে হোম লোনের মেয়াদ অর্ধেক সময়ে নামিয়ে আনা যায়। এতে আপনার বহু লক্ষ টাকা সাশ্রয় হতে পারে।

➡ প্রতি বছর একটি ইএমআই বাড়তি পরিশোধ করা যায়। এতে আপনার বড় অঙ্কের সুদ সাশ্রয় করা যাবে।

➡ যে কোনও হোম লোনের ক্ষেত্রে প্রথম বছরগুলিতে সুদের পরিমাণ বেশি শোধ করতে হয়। তাই প্রথম দিকেই লোন পরিশোধে বাড়তি নজর দিতে হবে।

➡ হাতে হঠাৎ কোনও অর্থ এলে যেমন বাড়তি আয় বা কোনও সঞ্চিত অর্থ ফেরত পেলে তা হোম লোনের আসল পরিশোধে ব্যবহার করা যেতে পারে। বর্তমানে সুদের হার ফ্লোটিং হওয়ায় এর জন্য জরিমানা দিতে হয় না।

➡ হোম লোন এক ব্যাংক বা আর্থিক সংস্থা থেকে অন্যত্র সরানো যায়। সুদের হার বিবেচনা করে এই সিদ্ধান্ত নিয়েও বহু অর্থ সাশ্রয় করা যায়।

➡ হোম লোনের ক্ষেত্রে মূল পরিমাণ পরিশোধে ৮০সি ধারায় ১.৫ লক্ষ টাকা এবং সুদ পরিশোধে ২৪খ ধারায় ২ লক্ষ টাকা পর্যন্ত আয়করে ছাড় পাওয়া যায়। সঠিক পর্যালোচনা করে ইএমআই পরিশোধে আয়কর ছাড় বাড়িয়ে নেওয়া যেতে পারে।

অবশ্য করণীয়

➡ হোম লোনকে বিমার সুরক্ষা দিতে হবে। এখন বিভিন্ন ব্যাংকে এই বিমা করানো হয়। এতে প্রতি মাসে বাড়তি অর্থ গুনতে হবে। তবে ঋণগ্রহীতার মৃত্যু হলে তাঁর পরিবারকে আর কোনও ইএমআই পরিশোধ করতে হবে না। এই বিমার মাসিক কিস্তিও সময়ের সঙ্গে সঙ্গে কমতে থাকবে।

➡ শর্ত সাপেক্ষে হোম লোনের ক্ষেত্রে বড় ছাড় পাওয়া যায় প্রধানমন্ত্রী আবাস যোজনায়। এই প্রকল্পে সুদের ওপর ১.৮ লক্ষ টাকা পর্যন্ত ছাড় পাওয়া যায়। এই প্রকল্পের সুযোগ নিতে ঋণ দাতা ব্যাংক বা আর্থিক সংস্থার সঙ্গে যোগাযোগ করতে হবে।

হোম লোনে সুদের হার

ব্যাংক	ন্যূনতম সুদের হার (%)
এসবিআই	৭.৫
ব্যাংক অফ বরোদা	৭.৪৫
ইউনিয়ন ব্যাংক অফ ইন্ডিয়া	৭.৪৫
সেন্ট্রাল ব্যাংক অফ ইন্ডিয়া	৭.৩৫
আর্থিক সংস্থা	
বাজাজ হাউজিং ফিন্যান্স	৭.৪৫
এলআইসি হাউজিং ফিন্যান্স	৭.৫০
টাটা ক্যাপিটাল হাউজিং ফিন্যান্স	৭.৭৫
পিএনবি হাউজিং ফিন্যান্স	৮.২৫

বার্থ সার্টিফিকেট
এডুকেশনাল সার্টিফিকেট
ড্রাইভিং লাইসেন্স
পলিসি সার্টিফিকেট
পাসপোর্ট
রেজিস্ট্রি ডিড
চাকুরী সংক্রান্ত কাগজপত্র
এফিডেফিটের মাধ্যমে নামের বানান সংশোধনের বিজ্ঞপ্তি সংবাদপত্রে ঘোষণা করুন।
পরামর্শ ও সহযোগিতা ঃ মাস মিডিয়া # 9233 44 45 46
সমস্ত সরকারী কাগজপত্রে নামের বানান সঠিক আছে তো ?

পাত্র চাই

• মালদা নিবাসী কায়স্থ 30/5′4′′ B.Sc., L.D.C. (Clerk) পাত্রীর জন্য উপযুক্ত পাত্র চাই। M - 9734902958. HUF-0902

• মাহিষ্য 29/5′5′′ M.A. (Eng.), উজ্জ্বল শ্যামবর্ণা পাত্রীর জন্য সঃ চাঃ পাত্র কাম্য। M - 8918062940. OL-3823

• বর্মন 30+/5′ ফর্সা, সুশ্রী, ডিপ্লোমা ইঞ্জিঃ, মালদা নিবাসী পাত্রীর সঃ চাঃ / ব্যবসা উপযুক্ত পাত্র কাম্য। M - 8759007708. OL-3851

• জেনারেল 36+ M.A., B.Ed. পাত্রীর জন্য 42-এর মধ্যে সরকারী চাকুরে সুপাত্র কাম্য। ফোন - 7679424009. HUF-1743

• চৌধুরী 34/5′2′′ M.A., B.Ed. (Hons.), প্রাইমারী শিক্ষিকা পাত্রীর জন্য সঃ চাঃ / স্কুল শিক্ষক / প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র কাম্য। M - 9434730035. HUF-0905

• চৌধুরী 34/5′2′′ M.A., B.Ed. (Hons.) প্রাইমারী শিক্ষিকা পাত্রীর জন্য সঃ চাঃ স্কুল শিক্ষক পাত্র কাম্য। M - 94347 30035. HUF-1717

• Gen. 34+/5′5′′ M.A., D.EL.Ed., Eng.(H) পাত্রীর জন্য 40 মধ্যে সরকারী / বেসরকারী সুপাত্র কাম্য। M - 94348 18403. HUF-1792

• সরকার কায়স্থ 37+/5′4′′ M.A., B.Ed., Sans.(H), শ্যামবর্ণা পাত্রীর জন্য অবিবাহিত মালদা নিবাসী পাত্র চাই। M - 97759 91079. HUF-1795

• মালদা নিবাসী Gen. দাস 34+/5′3′′ M.A., B.Ed., ফর্সা, সুশ্রী, ডিভোর্সী পাত্রীর জন্য উপযুক্ত সুপাত্র চাই। M - 89279 44491. OL-3839

• চাঁই মন্ডল 26+/5′ B.A. (Eng.), B.Ed., M.Ed., সুশ্রী, ফর্সা পাত্রীর জন্য উপযুক্ত সুদর্শন পাত্র কাম্য। ঘটক নিষ্প্রয়োজন। যোগাযোগ - 9332605982. OL-3815

• সাহা 30/5′3′′ শ্যামবর্ণা, O+, 10 Pass, রাষ্ট্রীয় ব্যাংকে গ্রুপ-ডি পদে কর্মরতা পাত্রীর জন্য ইংরেজবাজার বা হবিবপুর ব্লকের মধ্যে সরকারি চাকুরে বা প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র চাই। M - 9932293896. HUF-0908

• পাত্রী দক্ষিণ দিনাজপুর নিবাসী, কর্মকার 23/5′3′′ ফর্সা, সুশ্রী, MBA, পিতা প্রতিষ্ঠিত স্বর্ণ ব্যবসায়ী। উপযুক্ত ও সুযোগ্য ব্যবসায়ী / সরকারী চাকুরে পাত্র চাই। M - 92396 78099. OTS-1775

বৈশ্য সাহা 32+/5′5′′
M.A., B.Ed.,
মুর্শিদাবাদে
H.S. স্থায়ী শিক্ষিকা (2025)
(পৈতৃক নিবাস মালদা)।
একমাত্র কন্যার জন্য
উপযুক্ত সঃ চাকুরে অথবা
সুপ্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র কাম্য।
অসবর্ণ চলিবে।
M - 95475 34931 (মা) /
93826 11124 (বাবা)।
HUF-1751

পাত্র চাই

• কায়স্থ 32/5′ ফর্সা, সুশ্রী, ডিপ্লোমা ইঞ্জিঃ, পঞ্চায়েতে "নির্মাণ সহায়ক" পদে মালদায় কর্মরতা। অনূর্দ্ধ 37 মালদায় কর্মরত উপযুক্ত সঃ চাঃ পাত্র কাম্য। M - 9851308306. HUF-0907

• বসাক 33/5′1′′ M.A. (History), প্রাইভেট স্কুলে কর্মরতা, একমাত্র সন্তান, নিজ বাড়ি। পাত্রীর 37 - 40 মধ্যে সরকারী চাকুরে / প্রতিষ্ঠিত ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 9734054179. HUF-1799

মাহিষ্য দাস 31/5′2′′
M.A., B.Ed., M.Ed.,
ফর্সা, সুশ্রী, নামমাত্র বিবাহে
ডিভোর্সী পাত্রীর 40 মধ্যে
চাকুরে / ব্যবসায়ী সুপাত্র কাম্য।
M - 79083 50076.
HUF-1793

ইন্দ্রানী পার্লস
শ্রীমতী
COSTUME & GOLD PLATED JEWELLERY
Upto 70% MEGA Exchange OFFER
মালদা পার্লস এম্পোরিয়াম
B. S. Road (Nr. Kuttitola More).
94341 89908

পাত্রী চাই

W.B. বৈষ্ণব, মালদা, গাজোল
নিবাসী, দেবগণ 35/5′6′′ M.A.,
Govt. প্রাইমারি শিক্ষক পাত্রের
26 - 30 মধ্যে উপযুক্ত
সুশ্রী পাত্রী কাম্য।
M - 98324 77945.
OL-3836

রাজ্য সরকারের
Retd. শিক্ষক-শিক্ষিকার
একমাত্র পুত্র কুম্ভকার 34/5′7′′
B.Tech., MBA (Finance),
ডেপুটি ম্যানেজার
(ESAF Bank), স্থায়ী পদে
কোলকাতায় কর্মরত পাত্রের জন্য
ফর্সা, সুশ্রী, শিক্ষিতা,
25 ঊর্দ্ধে পাত্রী কাম্য।
অসবর্ণ চলিবে।
M - 78108 23109,
মালদা নিবাসী কলিতে কর্মরতা
হলেও চলিবে.
HUF-1738

পাত্রী চাই

• মালদা নিবাসী, সিন্‌হা 36+/5′6′′ B.Tech., M.E. (J.U.), সঃ অফিসার পাত্রের ফর্সা, সুন্দরী, শিক্ষিতা, ঘরোয়া / চাকুরে পাত্রী কাম্য। M + W - 7407925297 / 94344 04560. HUF-1755

• ব্রাহ্মণ 40/5′4′′ পাত্র কর্মঠ, মালদায় নিজের বাড়ি। মালদা শহরের মধ্যে পাত্রী চাই। শিক্ষা কমবেশী হলেও চলিবে। M - 98513 46075. HUF-1796

• কায়স্থ দাস 36/5′7′′ সরকারী অফিসে (I.C.D.S.) কর্মরত একমাত্র পুত্রের জন্য সুশ্রী পাত্রী চাই। M - 9475904476. HUF-0904

• রায় 39+/5′5′′ হাইস্কুল শিক্ষক (আপার প্রাইমারি) পাত্রের জন্য সুশ্রী, শিক্ষিতা পাত্রী কাম্য। M - 9563114382 (সময় ঃ 6 P.M. - 10 P.M.)। OL-3855

• বাঙালী চৌধুরী 30+/5′9′′ M.A., Pol. Sc. (গোল্ড মেডেলিস্ট), প্রাইভেট স্কুল শিক্ষক পাত্রের জন্য B.A. / M.A., স্লিম, সুশ্রী, ঘরোয়া পাত্রী কাম্য। M - 8670153697. HUF-1797

• তিলি 30+/5′7′′ বি.টেক., ব্যবসায়ী পাত্রের জন্য সুপাত্রী চাই। কর্মরতা অগ্রগণ্য। M - 9474343839. HUF-1756

• পাত্র বারুজীবী 31/5′3′′ B.Tech., ব্যাঙ্ক ঙ্গালোরে Tata Flexi কর্মরত পাত্রের 26 - 29 মধ্যে সুশ্রী, স্নাতক সুপাত্রী চাই। সবর্ণ / অসবর্ণ চলিবে। M - 9475094087. HUF-1783

• মন্ডল 30/5′7′′ মালদা নিবাসী, B.Tech. (KIIT), রাজ্য সরকারের Engineer (MBL), এক ভাই, বোন বিবাহিতা, পাত্রের জন্য শিক্ষিতা সুপাত্রী কাম্য। ঘটক নিষ্প্রয়োজন। M - 6289798996 / 6295400821. OL-3852

মালদা নিবাসী, দত্ত, কাঁসারী
37+/5′5′′ M.A., B.Ed.,
NGO-তে কর্মরত ও নিজস্ব ব্যবসা,
স্বচ্ছল, সুদর্শন পাত্রের জন্য
M.P. / H.S., ঘরোয়া, অনূর্দ্ধ 30,
সুশ্রী, গ্রাম / শহরের পাত্রী
(কাশ্যপ গোত্র বাদে) কাম্য।
M + W - 97493 42506.
HUF-1798

গুহ, কায়স্থ 30/5′7′′
সফ্‌টওয়্যার আই.টি. ইঞ্জিনিয়ার,
কোলকাতায় প্রাইভেট চাকুরে
পাত্রের জন্য **28**-এর মধ্যে
উপযুক্ত সুন্দরী,
কর্মজীবী পাত্রী কাম্য।
অসবর্ণ চলিবে।
মালদা নিবাসী কলিতে কর্মরতা
হলেও চলিবে।
M - 96149 95183 /
95933 10557.
OL-3856

কায়স্থ 39/5′8′′
নরগণ, M.Com,
Cost Accountant,
কলিকাতায়
নামী বেঃ সঃ সংস্থায় উচ্চপদে
কর্মরত
একমাত্র পুত্রের জন্য
অনূর্ধ্বা 35,
Master Degree সহ
Computer জানা
পাত্রী কাম্য।
কর্মরতা পাত্রী অগ্রগণ্য।
M - 94743 48129.
HUF-1789

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

কোনও বিজ্ঞাপন সূত্র ধরে বিজ্ঞাপন দাতার সঙ্গে যোগাযোগ করার আগে পাঠকদের যথাযথ খোঁজ খবর নিতে বলা হচ্ছে। বিজ্ঞাপন দাতাদের কোনও দাবী ও বক্তব্য বিষয়ে এই বিজ্ঞাপন ক্রোড়পত্র (ফ্রী শিটার) কোনও নিশ্চয়তা বা দায়িত্ব বহন করে না। এই ঘোষণা ভারত সরকারের স্পেশাল ক্রাইম ব্রাঞ্চের নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।

– সম্পাদক / প্রকাশক।

ক্রয়

• মালদা শহরে উপযুক্ত পরিবেশে বাড়ি করার উপযোগী দেড় থেকে দুই কাঠা বাস্তু জমি কিনতে ইচ্ছুক। প্রকৃত বিক্রেতারা যোগাযোগ করুন। দালাল নিষ্প্রয়োজন। মোবাইল নম্বর - 8240625493. OL-3833

হবিবপুর / বামনগোলাতে
কাঁচা / মোরাম রাস্তার পাড়ে
চাষযোগ্য জমি
কিনতে চাই।
মালিক যোগাযোগ করুন।
M - 86704 32226.
OL-3814

বিক্রয়

• 2.25 কাঠা জমির ওপর দোতলা বাড়ি বিক্রয়। বিনয় সরকার রোড, চুরিপট্টি, মালদা। (ল্যান্ডমার্ক - বিনয় সরকার মূর্তির উল্টো দিকের গলি)। M - 9883589728. OL-3843

ফ্ল্যাট বুকিং চলছে

অভিরামপুর 2nd লেন, বাঁধ রোড সংলগ্ন J.M.C. ক্লাব-এর রাস্তায়
"HINDOL" Apartment-এ
মধ্যবিত্তের ধরাছোঁয়ার মধ্যে
B+G+6 Multi Storied Residential Building-এ
2 BHK 750 - 850 স্কোয়ারফিট,
3 BHK 1050 - 1150 স্কোয়ারফিট,
4 BHK 1700 - 2000 স্কোয়ারফিট
ফ্ল্যাট-এর বুকিং শুরু হয়েছে।
সত্বর যোগাযোগ করুন।
Car Parking Available in Basement.
WBRERA Approved.
RERA Registration No. -
WBRERA/P/MAL/2025/002401.
Website : **www.rera.wb.gov.in**
Mobile No.
97341 02876 / 96478 01310

পুরনো / ব্যবহৃত
সম্পত্তি বেচুন
পুরনো জিনিস বা যে কোন অস্থাবর সম্পত্তি বিক্রি করতে চাইলে জরুরী গাইডে বিজ্ঞাপন দিন সর্বাধিক **50** টি অক্ষর মাত্র **100** টাকার বিনিময়ে।
সাথে **khonj.live** ওয়েবসাইটে বিনামূল্যে
30 দিনের জন্য পোস্ট করুন।
WApp - 9233 44 45 46.

বিনামূল্যে বিতরণ কেন্দ্র
অনলাইনে পড়ুন - **aamaarshahor.com**

❖ **রথবাড়ী (অডিটোরিয়াম),** নিউ মডেল বুক ডিপো - **98514 87741**
❖ **কবি সুকান্ত মোড়,** রূপা ব্যান্ড বক্স - **99324 81754** ❖ **এন.বি.এস.টি.সি. ডিপো সংলগ্ন,** চক্রবর্তী পেপার সাপ্লায়ার - **99339 93660**
❖ **রাজ হোটেল মোড়,** মডেল বুক ডিপো - **94342 31832** ❖ **অতুল মার্কেট,** মা তারা ম্যাগাজিন - **77979 19580** ❖ **রামকৃষ্ণপল্লী, এসবিআই-এর কাছে,** সাইবার ফিভার - **89263 09911**
❖ **ফুলবাড়ি, এম. কে. রোড,** স্মার্ট নেট - **94346 81146**
❖ **মকদুমপুর, রথঘর-এর বিপরীতে,** মাস মিডিয়া - **9732155526**
❖ **আইহো বাস স্ট্যান্ড,** গীতা পুস্তকালয় - **94744 75342.**

ভাড়া / লীজ

• দক্ষিণ সিঙ্গাতলায় দোতলা সেপারেট বাড়ি (3 BHK) ভাড়া দেওয়া হবে। Ph. - 80165 25381. OL-3800

• রথঘর সংলগ্ন গলিতে গ্রাউন্ড ফ্লোরে তিনটি রুম, ডাইনিং কাম কিচেন, 2 টি বাথরুম (কমোড ও ইন্ডিয়ান) মাসিক 10,000-এ ভাড়া দিব। M - 9933414693 / 70448 14693. KST-1907

পিরোজপুর
উজ্জ্বল ক্লাবের বিপরীত গলিতে
গ্রাউন্ড ফ্লোরে 750 বর্গফুটের
দুই বেডরুম এটাচ্ বাথরুম সহ
পৃথক বাড়ি
আট হাজার টাকায়
ও
গ্রাউন্ড ফ্লোরে
অন্য আরেকটি রুম
অফিসের কাজে
তিন হাজার টাকায় ভাড়া দিব।
M - 98317 90114 /
85848 50289.
OL-3858

টিউশন / কোচিং

• বেসিক লেভেল থেকে ইংরেজী শেখানো হয় গ্রামার ও ট্রান্সলেশন সহ। ক্লাস - I to VII. 10 বছরের অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষিকা। M - 9064833060. HUF-1744

MATHEMATICS
Private Tutor
(5 - 10)
All Boards.
B. Chakrabarti (D.C.E.)
M - 70018 22996.
HUF-1784

বিজ্ঞপ্তি

2026 সালের
বড় মাপের
12 পাতার ওয়াল ক্যালেন্ডারের
সংগ্রহ মূল্য
প্রতি কপি 50 টাকা,
3 কপি একত্রে 100 টাকা।
বুকিং চলছে।
আপনার নাম ও ঠিকানা
হোয়াটসঅ্যাপ করুন।
ইউপিআই নম্বর
9233 44 45 46

গ্যাস কেন হয় ?

(প্রথম পাতার পর)

অল্প ভাষাতেই হাড় ভেঙে যাওয়ার প্রবণতা, সেইসঙ্গে শরীরে কিছু রোগজীবাণু প্রবেশও করতে পারে। কিডনিতে মারাত্মক সমস্যা হওয়ারও সম্ভাবনা থাকে।

গ্যাসের থেকে মুক্তির উপায়

▲ খাওয়াদাওয়ার সুঅভ্যাস গড়ে তুলতে হবে।
▲ মদ্যপান বন্ধ করতে হবে।
▲ ধূমপানের অভ্যাস বন্ধ করাই ভালো।
▲ নিয়মিত শরীরচর্চা এবং প্রয়োজনমতো জল খেতে হবে।

কর্মখালি

Signature International-এ
10th+ M / F চাই।
সাক্ষাৎ শনি / সোম
(11 - 2 টা)।
3 নং গভঃ কলোনী, মালদা।
M - 96357 61667.
OL-3857

দেশবন্ধু চিত্তরঞ্জন মার্কেটে
ভৌমিক সুটিং-সার্টিং-এ
2 জন মহিলা কর্মী প্রয়োজন।
মাধ্যমিক পাস (বয়স ঃ 20 - 30)
মধ্যে যোগাযোগ করুন -
94340 55569.
HUF-1773

Sreeleathers
মালদা শো-রুমে
সেলস্‌ম্যান
নেওয়া হবে। বয়স 30 মধ্যে।
Bio-Data হোয়াটস্‌অ্যাপ / ইমেল করুন অথবা
সরাসরি শো-রুমে জমা করুন।
যোগাযোগের সময় - 10 A.M. - 2 P.M.
এন.এস. রোড, পুলিশ
ক্লাব বিল্ডিং, মালদা - ৭৩২১০১
WhatsApp / Call
94764 44731 / 89263 10737
maldafootwarespvt.ltd@gmail.com

জ্যোতিষ চর্চা

জ্যোতিষী (Astrologer)
তাপস কুমার ব্যানার্জী
M.A.R.P. (Kol)
দক্ষিণ সিঙ্গাতলা, মালদা টাউন হাইস্কুলের মেইন গেটের ডান দিকে
Mobile : 98320 78468 / 92326 71649

পরবর্তী
জরুরী খবর
বিতরিত হবে
19 ডিসেম্বর, 2025,
শুক্রবার।
বিজ্ঞাপন জমা দেওয়ার
শেষ তারিখ
15 ডিসেম্বর, 2025,
সোমবার,
সন্ধ্যা 7 টার মধ্যে।

জয় মা কলিকাতার প্রখ্যাত জ্যোতির্বিদ
ডঃ অশোক শাস্ত্রী
দক্ষিণা মাত্র ১১০২/-
— উপস্থিত থাকছেন —
প্রতি রবি, সোম, মঙ্গল ও বুধবার
জুবলী রোড, উত্তর বালুচর, মালদা
ফোন : (০৩৫১২) ২৫৭৪৩৪
মো : ৯৫৪৭৮ ১৬৩৩৩

দেখছি যেমন আরশিতে

ধার নেব গাছ

দূষণকাতর একটা ফ্যাকাশে গাছ ধার দিস,
যত্নে রাখব, বুকের বাগানে ফুল ফুটবেই–
অজানা নামের না-জানা রঙের কোরক ধরিস,
বড়ো হতে হতে একদিন তার ঘ্রাণ ছুটবেই।
প্রতিবাদহীন সবুজের কাছে নতজানু হয়ে
স্বীকার করছি, সচেতন ভাবে আলো-জলে বিষ
মিশিয়ে যাচ্ছি রান্নাঘরের ইতিহাস-ক্ষয়ে,
মৃত অরণ্য পরিহাস করে– কেমন আছিস ?

কালিন্দীর কান্না

মহানন্দাকে জড়িয়ে আছি বলে আমি ব্রাত্য !
বরিন্দের ক্লাসঘরে কখনও চাইনি কিছু,
দিয়াড়ার অবহেলা তবুও হইনি স্মার্ত–
টালের টালমাটালে কচুরিপানার পিছু।
বালুতে জল বিছিয়ে কবিতার আয়োজন,
বুক শুকোলে আমার শরীর খেজুর গাছ–
তীরে নিভৃত যাপন– যাযাবরী সমাপন,
ফাল্গুনে মরুর গ্রাস– নিসর্গে বসন্তনাচ।

– ড. গৌরাঙ্গদেব ভার্মা

কত অজানারে

✤ বেশি মশলা সহযোগে মাংসের ডালনাকে আরবি ভাষায় বলে 'কলাইহ"। শব্দটির অর্থ হল ঘন সুঘ্রানী ঝোল। "কলাইহ" মুঘলদের সঙ্গে ভারতে এসে হয়েছে "কালিয়া"।

✤ ভারতের প্রাচীন খাবারগুলোর মধ্যে অন্যতম বাড়ী তৈরি হয় ডাল, ছোলা বা ওই ধরণের কোনও শস্য গুঁড়িয়ে। বট ফলের মতো গোলাকার বলে বলা হত "বটক"। এই "বটক" থেকে এসেছে "বড়া"।

✤ ক্ষুদ্রকায় বড়া অর্থে সংস্কৃত "বটিকা" বা "বড়ি" শব্দটির সৃষ্টি। বাঙালি গৃহিনীরা কম করে পঁচিশ-ত্রিশ রকমের বড়ি তৈরি করতে পারতেন। এখন কারখানায় তৈরি বড়ি মুদির দোকানে পাওয়া যায় প্লাস্টিকের মোড়কে।

✤ খাতায় কলমে ভারতে প্রথম আলুর উল্লেখ পাওয়া যায় ১৬১৫ সালে। নুরজাহানের ভাই, মমতাজমহলের পিতা, আসিফ খান প্রদত্ত ব্রিটিশ দূত মোস রো-র ভোজসভায় যেসব খাবারে কথা আছে, তার মধ্যে আলুও ছিল।

✤ সংস্কৃত "আরু" শব্দের অর্থ যে মাটি বা জলে গমন করে। গাছের মূলকে আর বলা হত। গাছের মূল বা কন্দ বলেই আলুকে বলা হতো "অকে"। আরই পরে আলুতে রূপান্তরিত হয়েছে।

✤ লঙ্কার আদি জন্মভূমি বলিভিয়া। ওদের ভাষাময় বলা হত "উলুপিকা"। লঙ্কা ভারতে পৌছোয় ভাস্কো-দা-গামার হাত ধরে ১৪৯৮ সালে। তখনও কিন্তু লঙ্কার আলাদা কোনও নামকরণ হয়নি। ঝাল স্বাদের মরিচের কথা মাথায় রেখে বলা হত "লাল মরিচ"। সংস্কৃতে লঙ্কার নামকরণ হয় "জ্বালা মরিচ"। বাংলায় লঙ্কা মানে জলবেষ্টিত "ভূমি" বা "বিদেশ"। বিদেশ থেকে এসেছে বলে বলা হত "লঙ্কা মরিচ"। পরে "মরিচ" শব্দটি বাদ দিয়ে শুধুই "লঙ্কা" নামে পরিচিত হয়ে ওঠে।

✤ বাঙালির রন্ধন সংস্কৃতির আর এক প্রমাণ, আলুর বিভিন্ন রান্নার জন্য ভিন্ন প্রকারের আলু কোটা। ভাজার জন্য সরু বা চাকা, চচ্চড়ির জন্য ছোট ছোট ডুমো, ডালনার জন্য বড় ডুমো, ঝোলের জন্য একরকম, ঝালের জন্য আরেক রকম, দমের জন্য নতুন ছোট আলু হলে গোটা, খিচুড়ির জন্য অর্ধেক ইত্যাদি। কুটনো কোটাটা নির্ভর করে কীভাবে রান্না হবে তার ওপর। অর্থাৎ কতটা সেদ্ধ কতটা ভাজা হবে। একদা বাঙালি বাড়ির গিন্নিমা-রা ১৮ থেকে ২০ রকম ভাবে আলু কুটতে পারতেন।

✤ বেদে অন্তত আড়াইশো প্রাণীর উল্লেখ আছে। তার মধ্যে পঞ্চাশটি প্রাণীকে খাদ্য হিসেবেই উল্লেখ করা হয়েছে।

✤ প্রজ্ঞা সুন্দরী দেবী তাঁর রান্নার বইতে ৩৭ রকম ভাবে মাংস রান্নার প্রণালী জানিয়েছেন। তার মধ্যে আছে পাতিহাঁস, রাজহাঁস, টার্কি, হরিণ, সম্বর, ময়ূর আর খরগোশ।

✤ বাঙালির মাংস রান্নায় পেঁপের প্রচলন হয়েছে মুসলিম প্রভাবে। সেকালের অতি অলস নকর-ওমরাহরা চিবিয়ে খাওয়ার পরিশ্রমটুকুও করতে চাইতেন না। তাঁদের রান্নায় মাংসে পেপের ক্বাথ মিশিয়ে নরম করা হতো। সেই অভ্যোসটুকু বাঙালি গ্রহণ করে নিয়েছে।

✤ সাধারণত ব্যাঞ্জনের জলীয় অংশকে বলে ঝোল। ঝোল শব্দটি এসেছে "ঝোর" থেকে। জলের মতো যা ঝরে পরে, তাই "ঝোল"। হিন্দি বা মৈথিলি ভাষায় এই ধরণের ব্যাঞ্জনকে বলা হয় "ঝোর"।

✤ অনেকেই মনে করেন, "কারি" শব্দটি ইংরেজি। আদতে শব্দটির মতো রান্নাটিও এসেছে তামিল অঞ্চল থেকে। কালো মরিচকে তামিল ভাষায় বলে "কারি"। কারি ও আরও মশলা সহযোগে ঝোল জাতীয় খাবারকে তামিলে বলা হত "কোরিও"। কন্নড়-এ "কারিল"। সেটা থেকেই এসেছে "কারি"।

✤ ঠাকুমা দিদিমারা বলতেন, যেটা ডালের মতো তরল নয়, 'তাই" ডালনা", শব্দটি এসেছে সংস্কৃত "সন্তোলন" থেকে। "সন্তোলন" থেকে "সাঁতলানা", সেখান থেকে "তলনা" হয়ে "ডালনা"।

✤ ঝাল মানে জ্বালাকর স্বাদ। জ্বাল থেকেই ঝাল। স্বাদের নামেই ব্যঞ্জনের নামকরণ।

✤ নানা ধণের সবজিতে পুরভরে যে রান্নাটি হয় তাকে বলে "দোলমা"। দোলমা শব্দটির অর্থ "ঠেসে ভর্তি করা"। বিখ্যাত খাদ্য ঐতিহাসিক থেলমা বারের স্টেইন বলেছেন, দোলমা এসেছে গ্রিক শব্দ "দোলমা দাকিয়া" থেকে। কিন্তু অন্য মতে "দোলমা" আরও তুর্কিদের আবিষ্কৃত খাদ্য বলেই বিধান দিয়েছে।

✤ মহাভারতে "পলান্ন" নামে যে খাবারটির উল্লেখ আছে, তা হচ্ছে "পল" অর্থাৎ মাংসের সঙ্গে পাক করা অন্নের সমাহার। বোঝাই যাচ্ছে, বস্তুটি পোলাও ছাড়া আর কিছুই নয়।

✤ মানুষ যে খাদ্যটিকে খেচর অর্থাৎ পাখির মতো খুঁটে খুঁটে খায়, অর্থাৎ বড় বড় গ্রাসে খায় না, তাকে বলে "খেচরান্ন"। বাংলায় যাকে বলে খিচুড়ি।

✤ রুটির ভাল নাম "রোটিকা"। রুটিতে তেলের ছিটে পড়লে তা আদরনীয় হয়ে ওঠে, তাই "প্রিয়রোটিকা"। তা থেকে "পরোটা"।

✤ তেল, ঘি বা ওই ধরণের কোনও স্নেহ পদার্থে সবজি, মাছ সেদ্ধ করাকে বলা হয় ভাজা। প্রাচীনকালে ভাজা বা সেঁকার পাত্রকে বলা হত "ভ্রাষ্ট" বা "ভর্জন পাত্র"। তাই খ্রিষ্ট শব্দটি থেকে এসেছে "ভাজা" শব্দটি।

বিবাহযোগ্য পাত্র-পাত্রীর অভিভাবকের কাছে আবেদন —

আপনাদের বিবাহযোগ্য ছেলে-মেয়েদের তথ্য (পূর্ণাঙ্গ প্রোফাইল) জনপ্রিয় ওয়েবসাইট **www.khonj.live**-এ বিনামূল্যে আপলোড করে রাখুন। এতে আপনাদের অতিরিক্ত খোঁজখবর পেতে সুবিধা হবে। শুধু তাই নয়, প্রোফাইলের লিঙ্ক যে কাউকে এমনকি সোস্যাল মিডিয়াতেও শেয়ার করতে পারবেন। এই পরিষেবায় প্রতিমাসে শতাধিক পরিবার উপকৃত ও সন্তুষ্ট। নিচের তথ্যগুলি যতটা সম্ভব পূরণ করে পাঠান। যতো বেশী তথ্য দিতে পারবেন, ততো বেশী রেসপন্স পাবেন।

ব্যক্তিগত তথ্য

প্রার্থীর (পাত্র / পাত্রীর) নাম* –
লিঙ্গ (পুরুষ / মহিলা) –
হোয়াটসঅ্যাপ বা কলিং নম্বর* –
ই-মেইল আইডি –
জন্মতারিখ (DOB) –
শিক্ষাগত যোগ্যতা –
উচ্চতা –
ব্লাড গ্রুপ –
রাশি –
মাঙ্গলিক / অমাঙ্গলিক –
জাতি –
গোত্র –
ধর্ম –
ওজন –
অন্যান্য যোগ্যতা –
বর্তমানে বৈবাহিক স্থিতি –
অবিবাহিত / ডিভোর্সী / বিপত্নীক / বিধবা / ডিভোর্সের জন্য অপেক্ষারত –
(যে কোন একটি অপশন বাছুন)
ঠিকানা (বাসস্থান) –
চেহারার সংক্ষিপ্ত বিবরণ –
শখ –
খাদ্যাভাস –
(আমিষাশী / নিরামিষাশী) –
পিতা-মাতার কততম সন্তান
(প্রথম / দ্বিতীয় / তৃতীয়) – একমাত্র
সাম্প্রতিক ছবি (ন্যূনতম
১ টি / সর্বাধিক ৩ টি) পাঠান –

পেশাগত তথ্য

কর্মস্থল (ঠিকানা) –
আয়ের উৎস –
(চাকুরী (স্থায়ী / চুক্তিবদ্ধ) / ব্যবসা / প্রফেশনাল / স্থায়ী সম্পত্তি বা আমানত / ঘরোয়া / অন্য কিছু)
পদ –
বার্ষিক আয় –
শিক্ষাগত / কারিগরী যোগ্যতা –
পিতামাতা / পরিবার সংক্রান্ত
সংক্ষিপ্ত বিবরণ –
অন্যান্য বিষয়ে মন্তব্য
(যদি জানাতে চান) –
কেমন পাত্র বা পাত্রী খুঁজছেন
তা সংক্ষেপে লিখুন –

(পাত্র / পাত্রীর নাম, বাসস্থানের ঠিকানা, ছবি বা (স্টার) চিহ্নিত প্রশ্নের তথ্য যদি প্রকাশ করতে না চান সেক্ষেত্রে জানাতে হবে।

তবে তথ্যগুলি আমাদের রেকর্ডের জন্য অবশ্যই পাঠাতে হবে।

প্রত্যেক আবেদনের সাথে ফটো আইডি (যেমন - আধার, প্যান / পাসপোর্ট / ভোটার কার্ড) ও ন্যূনতম এক কপি ছবি পাঠানো বাধ্যতামূলক। স্ব-অভিভাবক পাত্র / পাত্রীরাও আবেদন করতে পারেন।

Only WhatsApp to **9233 44 45 46**
(11 A.M. to 7 P.M., except holiday).
Visit : khonj.live

রেট কার্ড পেতে অন-লাইনে লগ্ অন করুন - **aamaarshahor.com/projector**
অর্ডার করুন massmedia.malda@gmail.com এই ঠিকানায়।
Per shift upto 3 hours
Available on Rent # 9233 44 45 46

স্বত্বাধিকারী অর্ণব কুমার দে কর্তৃক ক্যুইক সার্ভিস, ১১ / ১৯ জি. কে. লেন, মকদমপুর, মালদা ৭৩২১০৩ হইতে প্রকাশিত ও মুদ্রিত। সম্পাদক ঃ অর্ণব কুমার দে। মুদ্রণ সহায়তা ঃ সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লি, কলকাতা। নির্বাচিত বিতরণ কেন্দ্রগুলি থেকে বিনামূল্যে বিতরণের জন্য। **M :** 977 5454 577

মালদা জেলা থেকে সূর্য্যোদয় ও সূর্যাস্তের সময়সূচী

ডিসেম্বর - ২০২৫

তারিখ	সূর্য্যোদয়	সূর্যাস্ত
04.12.2025	06:07 ↑ (115°)	16:47 ↑ (245°)
05.12.2025	06:08 ↑ (115°)	16:47 ↑ (245°)
06.12.2025	06:08 ↑ (115°)	16:47 ↑ (245°)
07.12.2025	06:09 ↑ (115°)	16:48 ↑ (245°)
08.12.2025	06:10 ↑ (115°)	16:48 ↑ (245°)
09.12.2025	06:10 ↑ (115°)	16:48 ↑ (245°)
10.12.2025	06:11 ↑ (115°)	16:48 ↑ (245°)
11.12.2025	06:12 ↑ (115°)	16:49 ↑ (245°)
12.12.2025	06:12 ↑ (115°)	16:49 ↑ (245°)
13.12.2025	06:13 ↑ (115°)	16:49 ↑ (245°)
14.12.2025	06:14 ↑ (115°)	16:50 ↑ (245°)
15.12.2025	06:14 ↑ (115°)	16:50 ↑ (245°)
16.12.2025	06:15 ↑ (115°)	16:50 ↑ (245°)
17.12.2025	06:15 ↑ (115°)	16:51 ↑ (245°)
18.12.2025	06:16 ↑ (115°)	16:51 ↑ (245°)
19.12.2025	06:16 ↑ (115°)	16:52 ↑ (245°)

যে কোনো দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিতে 977 5454 577

শুধুই ভাষা নয়, ইংরেজি আনবে সমৃদ্ধ কেরিয়ারও

এই সময়: সারা বিশ্বকে যদি কোনও একটি ভাষা জুড়ে রাখার ক্ষমতা রাখে, নিঃসন্দেহে সেই ভাষাটি হলো ইংরেজি। মনের ভাব প্রকাশ, যোগাযোগ রক্ষা থেকে শুরু করে জীবিকা অর্জন, অর্থ উপার্জনের জন্য বিশ্বজুড়ে প্রতিদিন সবচেয়ে বেশি ব্যবহৃত ভাষা হলো ইংরেজি। ইংরেজি ভাষার সমুদ্রে ডুব দিলে উঠে আসবে বহু মণি-মুক্তো। আর সেই সব মণি-মুক্তোকে সংগ্রহ করেই তৈরি হতে পারে ইংরেজি নিয়ে কেরিয়ারের এক দারুণ রোডম্যাপ।

যোগ্যতা

বিএ ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড লিটারেচার কোর্সে ভর্তি হতে হলে পড়ুয়াদের স্বীকৃত বোর্ড থেকে ১০+২ পাশ করতে হবে। বেশিরভাগ বিশ্ববিদ্যালয় ৫০% নম্বরের ন্যূনতম যোগ্যতা চায়। ইংরেজি ভাষায় দক্ষতা একটি অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হয়। কিছু প্রতিষ্ঠানে প্রবেশিকা পরীক্ষা অথবা ইন্টারভিউ নেওয়া হয়।

সিলেবাস

তিন বছরের এই কোর্সটির সিলেবাস এমনভাবে তৈরি করা হয়েছে যাতে এটি বিশ্লেষণমূলক, ভাষাগত এবং সমালোচনামূলক চিন্তাভাবনার দক্ষতা বাড়ায়। সিলেবাস বিশ্ববিদ্যালয় ভেদে পরিবর্তিত হতে পারে, তবে সাধারণ বিষয়গুলির মধ্যে রয়েছে:

▶ ইংরেজি সাহিত্যের ইতিহাস: সাহিত্যিকদের সময়কাল এবং নানা সাহিত্য আন্দোলনের ধারাবাহিক অধ্যয়ন করা।

▶ কবিতা, নাটক এবং গল্প: বিভিন্ন সাহিত্যিকের সৃষ্ট গল্প, কবিতা, নাটকের গভীরভাবে অধ্যয়ন করা।

▶ সাহিত্য সমালোচনা এবং তত্ত্ব: পাঠ্যের ব্যাখ্যা করার জন্য ব্যবহৃত কাঠামোগুলি বোঝা।

▶ ভাষাবিজ্ঞান: ভাষা, ধ্বনিবিজ্ঞান এবং ব্যাকরণের বৈজ্ঞানিক অধ্যয়ন।

▶ বিশ্ব সাহিত্য: সারা বিশ্বের নানা সাহিত্য ইংরেজিতে লেখা হয়েছে, আবার বহু বিখ্যাত সাহিত্যকে ইংরেজিতে অনুবাদ করা হয়েছে, এই পর্বে সেগুলিরই অধ্যয়ন করা।

▶ ইংরেজিতে ভারতীয় সাহিত্য: ইংরেজিতে লেখালেখি করা ভারতীয় লেখকদের অধ্যয়ন।

▶ সাংস্কৃতিক অধ্যয়ন: সাহিত্য কীভাবে সমাজ ও সংস্কৃতিকে প্রভাবিত করে তার বিশ্লেষণ। সৃজনশীল লেখালেখি, অনুবাদ বিদ্যা, গণমাধ্যম অন্তর্ভুক্ত থাকতে পারে।

উচ্চশিক্ষা

এই কোর্সের পর পড়ুয়ারা বিভিন্ন উচ্চশিক্ষার সুযোগ নিতে পারেন:

▶ এমএ ইংলিশ লিটারেচার: সাহিত্য ও সংস্কৃতির গভীরে গিয়ে গবেষণা।

▶ এমএ লিঙ্গুইস্টিক্স: ভাষার গঠন ও বিবর্তনে বিশেষজ্ঞ হওয়া।

▶ জার্নালিজ়ম এবং মাস কমিউনিকেশন: গণমাধ্যম ও যোগাযোগ ক্ষেত্রে কেরিয়ার।

▶ এডুকেশন: শিক্ষকতার জন্য বিএড বা এমএড।

▶ সাংস্কৃতিক অধ্যয়ন বা তুলনামূলক সাহিত্য: শিল্প ও মানববিদ্যা মিশ্রিত আন্তঃবিষয়ক অধ্যয়ন।

কেরিয়ারের সম্ভাবনা

▶ কনটেন্ট রাইটার এবং এডিটর: বিভিন্ন প্রকাশনা বা ডিজিটাল মিডিয়ায় কাজের সুযোগ।

▶ জার্নালিস্ট: সাংবাদিক হিসেবে প্রিন্ট বা ব্রডকাস্ট মিডিয়ায় চাকরি।

▶ পাবলিক রিলেশন অফিসার: জন সংযোগ আধিকারিক হিসেবে কর্পোরেট কমিউনিকেশনে সুযোগ।

▶ শিক্ষক: স্কুল থেকে কলেজ-বিশ্ববিদ্যালয়ে পড়ানোর সুযোগ।

▶ সৃজনশীল লেখক: যেমন ঔপন্যাসিক, স্ক্রিপ্ট রাইটার বা কবি ইউপিএসসি এবং এসএসসি-এর মতো সরকারি চাকরির পরীক্ষাগুলিতে ইংরেজি স্নাতকদের বিশ্লেষণমূলক এবং ভাষাগত দক্ষতা বিশেষভাবে মূল্যায়ন করা হয়। ইংরেজিতে ব্যুৎপত্তি থাকলে পরীক্ষায় এগিয়ে থাকেন পরীক্ষার্থী।

তথ্য সহায়তা: ড. অম্বালিকা গুহ, সহকারী অধ্যাপক, স্কুল অফ লিবারাল আর্টস অ্যান্ড কালচারাল স্টাডিজ়

বিএ পাবলিক

(প্রথম পাতার পর)

বিশ্ববিদ্যালয় স্তরের প্রবেশিকার পরীক্ষায় প্রাপ্ত নম্বরের উপর ভিত্তি করেই ভর্তির প্রক্রিয়া সম্পন্ন হয়। সাধারণ প্রবেশিক্ষার মধ্যে রয়েছে কমন ল' টেস্ট (ক্ল্যাট), অল ইন্ডিয়া ল এন্ট্রান্স টেস্ট (অ্যালায়েড) এবং জজ স্কুল অ্যাডমিশন ইন্ডিয়া টেস্ট। বিশ্ববিদ্যালয় ভিত্তিক প্রবেশিকার মাধ্যমেও ভর্তি হয়।

সিলেবাস

কোর্সটি দশটি সেমেস্টারে বিভক্ত ঃ

★ **আইনের মূল বিষয়গুলি ঃ** সংবিধান আইন, অপরাধ আইন, চুক্তি আইন, পারিবারিক আইন, সম্পত্তি আইন, প্রশাসনিক আইন, কর্পোরেট আইন, পরিবেশ আইন, কর (ইনকাম ট্যাক্স, সেলস ট্যাক্স, কর্মাশিয়াল ট্যাক্স) আইন, আন্তর্জাতিক আইন।

★ **হিউম্যানিটিজ ও আন্তঃ বিষয়ক বিষয় ঃ** রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইতিহাস, অর্থনীতি ইংরেজি এবং আইন ভাষা কিছু বিশ্ববিদ্যালয়ে মনোবিজ্ঞানে আছে।

★ **ব্যবহারিক প্রশিক্ষণ ও ইন্টার্নশিপ ঃ** কম কোর্ট, অনুশীলন, খসড়া প্রস্তুতি, পিটিশন এবং কনভিয়েন্সি।

★ **আইনগত গবেষণা ঃ** আইনি পেশাদার, আইন সংস্থা অথবা এনজিও-র অধীনে বাধ্যতামূলক ইন্টার্নশিপ। এই প্রোগ্রামটি ব্যবহারিক শিক্ষার উপর জোর দেয়।

উচ্চতর পড়াশোনা

★ **মাস্টার অফ ল (এমএলএম) ঃ** এক বা দুই বছরের স্নাতকোত্তর ডিগ্রি। এখানে কর্পোরেট আইন, অপরাধ আইন, মনবাধিকার, মেধাস্বত্ব আইন, এবং আন্তর্জাতিক আইন পড়ানো হয়।

★ **বিচার বিভাগীয় পরিষেবা পরীক্ষা ঃ** বিচারক হওয়ার জন্য রাজ্য স্তরের বিচার বিভাগীয় পরীক্ষার প্রস্তুতি।

★ **স্নাতকোত্তর ডিপ্লোমা ঃ** সাইবার, আইন, কর আইন বা পরিবেশ আইন-এ সংক্ষিপ্ত বিশেষ কোর্স।

★ **আইনে পিএইচডি ঃ** যাঁরা অ্যাকাডেমিক বা গবেষণামূলক পেশায় আগ্রহী তাঁদের জন্য উপযুক্ত।

★ **আইনি ব্যবস্থাপনায় এমবিএ ঃ** যাঁরা ব্যবসায়িক ব্যবস্থাপনায় সঙ্গে আইন জ্ঞান মিশ্রিত করতে চান তাঁরা এমবিএ পড়তে পারেন।

কেরিয়ারের সম্ভাবনা

★ মোকদ্দমায় আইনজীবী আদালতে ক্লায়েন্টদের প্রতিনিধি, সিভিল, ক্রিমিনাল, কর্পোরেট অথবা পারিবারিক আইন বিশেষজ্ঞ।

★ কর্পোরেট পরামর্শদাতা বিভিন্ন কর্পোরেট সংস্থায় আইনি উপদেষ্টা হিসেবে কাজ। সংস্থাকে আইন বিরোধ নিস্পত্তিতে সাহায্য করা।

★ বিচার বিভাগীয় পরিষেবা সংশ্লিষ্ট বিচার বিভাগীয় পরীক্ষা পাশ করে বিচারক হিসেবে কর্মজীবন।

★ আইনি বিশ্লেষক ল ফার্ম, কর্পোরেট সংস্থা অথবা গবেষণা প্রতিষ্ঠানের জন্য আইনি পরামর্শ প্রদান।

★ পাবলিক প্রসিকিউটর নানা অপরাধমূলক অথবা বিভিন্ন নাগরিক মামলায় সরকারের প্রতিনিধিত্ব করা।

★ আরবিট্রেটর বা মধ্যস্থতাকারী মামলাকারীদের মধ্যে বিরোধ নিস্পত্তির জন্য মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করা।

★ সিভিল সার্ভিসেস ইউপিএসসি-এর পাশাপাশি বিভিন্ন রাজ্য সরকারি প্রতিযোগিতামূলক পরীক্ষায় বসার সুযোগ।

★ অ্যাকাডেমিক এলএলএম এবং ইউজিসি-নেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে কলেজে-বিশ্ববিদ্যালয়ে পড়ানো।

★ নীতি বিশ্লেষক কোনও সংস্থার থিঙ্ক ট্যাঙ্ক হিসেবে নীতি প্রণয়ন করা বা বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থার সঙ্গে কাজ করে জননীতি প্রণয়ন।

★ আইনি সাংবাদিকতা সংবাদপত্র, ম্যাগাজিন অথবা অনলাইন প্ল্যাটফর্মের জন্য আইনি বিষয় নিয়ে জনসচেতনতা বৃদ্ধি করতে বিশ্লেষণমূলক নিবন্ধ ও প্রতিবেদন লেখা। এছাড়াও আইন বিশেষজ্ঞ হিসেবে নানা সংস্থায় কাজের সুযোগ পান।

বাড়িতে বসে বিজ্ঞাপন দিন
WhatsApp
97754 54577-নম্বরে।

Trains Running Through
MLDT & NFK STATION
DECEMBER - 2025

Nos.	UP	MLDT Arriv	MLDT Dep.	NFK Arriv	NFK Dep.	Trains Name	Trains Type	Trains Name	Nos.	MLDT Arriv	MLDT Dep.	NFK Arriv	NFK Dep.	DN
Mail / Express Trains														
03105	Wed, Mon	06:25	06:30	—	—	SEALDAH-NJP JN	Special	NJP JN - SEALDAH	03106	17:10	17:15	—	—	Mon, Wed
03409	Thu, Sat	START	20:45	21:15	21:17	MALDA TOWN-PRAYAGRAJ	Special	PRAYAGRAJ-MALDA TOWN	03410	14:.0	END	13:05	13:07	Sat, Mon
03413	Thu, Sun	START	07:10	07.42	07.44	MALDA TOWN-NEW DELHI	Special	NEW DELHI-MALDA TOWN	03414	07:55	END	06.45	06.47	Tue, Sat
03415	Wed	—	—	—	—	—	—	LAL KUAN JN-MALDA TOWN	03416	23:45	END	—	—	Thu
03417	Sat, Sun	START	12:20	12.52	12.54	MALDA TOWN-UDHNA JN	Special	UDHNA JN-MALDA TOWN	03418	02:55	END	01.43	01.45	Wed, Thu
03425	Fri	START	17:30	18.02	18.04	MALDA TOWN-PUNE JN	Special	PUNE JN--MALDA TOWN	03426	16:30	END	15.30	15.32	Tue
03429	Sat	5:10	END	03.25	03.27	CHARLAPALLI-MLDA TOWN	SF Special	CHARLAPALLI-MALDA TOWN	03430	START	18:10	18.30	18.42	Tue
03435	Mon	START	09:30	10.02	10.04	MALDA TOWN-ANAND VIHAR TERMINAL	Special	ANAND VIHAR TERMINAL-MALDA TOWN	03436	22:30	END	22.07	22.09	Wed
03465	Sat	START	13:10	—	—	MALDA TOWN-DIGHA	Special	DIGHA-MALDA TOWN	03466	18:30	END	—	—	Sun
05639	Fri	04:50	05:00	—	—	SILCHAR-KOLKATA	Special	KOLKATA- SILCHAR	05640	23:15	23:25	—	—	Fri
05981	Sat	07:00	END	—	—	DIBRUGARH-MALDA TOWN	Special	—	—	—	—	—	—	—
08047	Sat	01:10	01:20	—	—	SANTRAGACHI-GUWAHATI	Special	GUWAHATI- SANTRAGACHI	08048	04:50	05:00	—	—	Sun
09011	Thu	09:30	ENDS	—	—	UDHNA JN.-MALDA TOWN	Summer Special	MALDA TOWN-UDHNA JN.	09012	08:45	08:50	—	—	Sun
12041	Mon to Sat	19:30	19:35	18.41	18.42	HOWRAH-NEW JALPAIGURI	Shatabdi Express	NEW JALPAIGURI- HOWRAH	12042	08:45	08:50	09.22	09.23	Mon to Sat
12343	Daily	04:15	04:25	—	—	SEALDAH-NEW JALPAIGURI	Darjeeling SF Express	NEW JALPAIGURI- SEALDAH	12344	23:30	23:40	—	—	Daily
12345	Daily	21:30	21:40	20.41	20.43	HOWRAH- GUWAHATI	Saraighat SF Express	GUWAHATI-HOWRAH	12346	23:30	23:40	00.33	00.32	Daily
12363	Tue, Thu, Sat	15:00	15:10	—	—	KOLKATA-HALDIBARI	SF Express	HALDIBARI-KOLKATA	12364	13:25	13:35	—	—	Wed, Fri, Sun
12377	Daily	05:25	05:30	—	—	SDAH-NEW ALIPURDUAR	Padatik SF Express	NEW ALIPURDUAR-SEALDAH	12378	00:40	00:45	—	—	Daily
12501	Thu	08:15	08:25	—	—	KOLKATA-AGARTALA	Garib Rath Express	AGARTALA-KOLKATA	12502	04:00	04:10	—	—	Mon
12503	Thu, Sun	00:25	00:35	—	—	SMVT BENGALURU-AGARTALA Humsafar	SF Express	AGARTALA-SMVT BENGALURU	12504	06:50	07:00	—	—	Wed, Sun
12507	Thu	17:05	17:15	—	—	THURUVANANTHAPURAM-SILCHAR	CENTRAL SF Express	SILCHAR-THURUVANANTHAPURAM	12508	18:50	19:00	—	—	Fri
12509	Fri, Sat, Sun	16:05	16:15	15.03	15.05	SMVT BENGALURU-GUWAHATI	SF Express	GUWAHATI-SMVT BENGALURU	12510	18:50	19:00	19.32	19.34	Mon, Tue, Sun
12513	Mon	00:25	00:35	23.18	23.20	SECUNDERABAD-GUWAHATI	SF Express	GUWAHATI- SECUNDERABAD	12514	18:50	19:00	19.32	19.34	Thu
12515	Tue	16:05	16:15	15.03	15.05	COIMBATORE-SILCHAR	SF Express	SILCHAR-COIMBATORE	12516	18:50	19:00	19.32	19.34	Wed
12517	Fri	04:00	04:10	—	—	KOLKATA-GUWAHATI	Garib Rath Express	GUWAHATI-KOLKATA	12518	08:15	08:25	—	—	Sun
12551	Mon	02:05	02:15	—	—	SMVT BENGALURU-KAMAKHYA	AC SF Express	KAMAKHYA- SMVT BENGALURU	12552	02:00	02:10	—	—	Thu
13011	Daily	22:45	ENDS	21.45	21.47	HOWRAH-MALDA TOWN	SF Intercity Express	MALDA TOWN- HOWRAH	13012	START	04:30	05.02	05.04	Daily
13033	Daily	07:10	07:20	06.00	06.05	HOWRAH-KATIHAR	Express	KATIHAR- HOWRAH	13034	19:10	19:20	20.06	20.08	Daily
13053	Daily	15:30	15:40	14.38	14.40	HOWRAH-RADHIKAPUR	Kulik Express	RADHIKAPUR- HOWRAH	13054	09:05	09:15	09.37	09.39	Daily
13063	Mon to Fri	15:15	15:25	14.13	14.15	HOWRAH-BALURGHAT	Express	BALURGHAT- HOWRAH	13064	23:00	23:10	23.42	23.44	Mon to Fri
13125	Daily	18:25	18:35	17.40	17.42	KOLKATA-SAIRANG	Mail Express	SAIRANG-KOLKATA	13126	08:47	08:49	08.05	08.15	Daily
13141	Daily	22:05	22:15	21.09	21.14	SEALDAH-NEW ALIPURDUAR	Teesta Torsa Express	NEW ALIPURDUAR-SEALDAH	13142	20:20	20:30	21.02	21.07	Daily
13145	Daily	02:40	02:50	01.32	01.37	KOLKATA-RADHIKAPUR	Express	RADHIKAPUR- KOLKATA	13146	00:10	00:20	00.52	00.57	Daily
13147	Daily	02:20	02:30	01.20	01.25	SEALDAH-BAMANHAT	Uttar Banga Express	BAMANHAT- SEALDAH	13148	22:20	22:30	23.02	23.07	Daily
13149	Daily	03:10	03:20	02.06	02.11	SEALDAH- ALIPURDUAR	Kanchan Kanya Express	ALIPURDUAR- SEALDAH	13150	01:10	01:20	01.52	01.57	Daily
13153	Daily	06:15	ENDS	04.48	04.53	SEALDAH- MALDA TOWN	Gour Express	MALDA TOWN- SEALDAH	13154	START	21:25	21.47	21.52	Daily
13159	Tue, Thu, Sat	05:00	05:10	03.53	03.55	KOLKATA-JOGBANI	Express	JOGBANI- KOLKATA	13160	20:05	20:15	20.47	20.49	Tue, Thu, Sat
13161	Mon to Fri, Sun	18:40	18:50	17.57	17.59	KOLKATA CHITPUR- BALURGHAT	Tebhaga Express	BALURGHAT- KOLKATA CHITPUR	13162	08:00	08:10	08.42	08.44	Mon to Sat

সব গাড়ির ইন্স্যুরেন্স করুন
সবচেয়ে কম প্রিমিয়ামে
সরকারী নথিতে নামের ভুল বানান
দ্রুত সংশোধন করুন
GAZETTE নোটিফিকেশন
Lifetime Validity
পরামর্শ ও সহযোগিতা > Mass Media # 9233 44 45 46

13163	Thu, Sat to Tue	04:35	04:45	03.37	03.42	SEALDAH-SAHARSA	Hate Bazare Express	SAHARSA- SEALDAH	13164	22:40	22:50	23.22	23.24	Thu, Sat to Tue
13169	Wed, Fri	04:35	04:45	03.37	03.42	SEALDAH-SAHARSA	Hate Bazare Express	SAHARSA- SEALDAH	13170	22:40	22:50	23.22	23.24	Wed, Fri
13173	Tue, Thu, Fri, Sun	13:35	13:45	12.50	12.52	SEALDAH-AGARTALA	Kanchanjungha Express	AGARTALA- SEALDAH	13174	12:25	12:35	13.12	13.14	Mon, Wed, Fri, Sun
13175	Mon, Wed, Sat	13:35	13:45	12.50	12.52	SEALDAH-SILCHAR	Kanchanjungha Express	SILCHAR- SEALDAH	13176	12:25	12:35	13.12	13.14	Tue, Thu, Sat
13181	Mon	15:00	15:10	—	—	KOLKATA CHITPUR-SILGHAT TOWN	Kaziranga Express	SILGHAT TOWN-KOLKATA CHITPUR	13182	06:20	06:30	—	—	Wed
13189	Daily	05:40	05:50	04.26	04.28	SEALDAH-BALURGHAT	Express	BALURGHAT-SEALDAH	13190	21:30	21:40	22.17	22.19	Daily
13409	Daily	START	05:50	06.12	06.14	MALDA TOWN-KIUL	Intercity Express	KIUL- MALDA TOWN	13410	20:45	ENDS	19.38	19:40	Daily
13413	Mon, Thu, Sat	19.25	19:35	20.14	20.21	MALDA TOWN-BATHINDA	Farakka Express	BATHINDA- MALDA TOWN	13414	09:50	10.00	08.55	09.00	Wed, Sat, Mon
13415	Wed, Fri, Sun	START	20:15	20.47	20.49	MALDA TOWN-PATNA	Express	PATNA- MALDA TOWN	13416	07:50	ENDS	06.26	06.28	Tue, Fri, Sun
13417	Thu	14:25	ENDS	13.35	13.37	DIGHA- MALDA TOWN	Express	MALDA TOWN- DIGHA	13418	START	07:45	08.22	08.24	Thu
13421	Mon, Thu	09:30	ENDS	08.45	08.47	NABADWIP DHAM- MALDA TOWN	Express	MALDA TOWN- NABADWIP DHAM	13422	START	17:00	17.37	17.39	Mon, Thu
13425	Sat	START	12:55	13.27	13.29	MALDA TOWN-SURAT	Express	SURAT- MALDA TOWN	13426	05:45	ENDS	04.43	04.45	Wed
13429	Fri	START	09:30	—	—	MALDA TOWN-ANAND VIHART	Weekly Express	ANAND VIHAR- MALDA TOWN	13430	23:30	ENDS	—	—	Sun
13431	Tue, Wed, Fri, Sat, Sun	09.30	09:40	08.45	08.47	NABADWIP-BALURGHAT	Express	BALURGHAT-NABADWIP	13432	16.50	17.00	17.37	17.39	Tue, Wed, Fri
13433	Thu	11:00	ENDS	10.00	10.01	BENGALURU-MALDA TOWN	Amrit Bharat Express	MALDA TOWN - BENGALURU	13434	START	08.50	09.22	09.23	Sun
13465	Daily	20:30	ENDS	19.26	19.28	HOWRAH- MALDA TOWN	Intercity Express (Via Azimganj)	MALDA TOWN-HOWRAH	13466	START	06:05	06.32	06.34	Daily
13483	Sun, Tue, Wed, Fri	19.25	19:35	20.14	20.21	MALDA TOWN-BATHINDA	Farakka Express	BATHINDA- MALDA TOWN	13484	09:50	10.00	08.55	09.00	Thu, sat, Sun, Tue
14003	Tue, Sat	START	09:30	10.02	10.07	MALDA TOWN-NEW DELHI	Express	NEW DELHI- MALDA TOWN	14004	23:30	ENDS	22.07	22.12	Mon, Fri
15227	Fri	17:05	17:15	—	—	SMVT BENGALURU-MUZAFFARPUR	Express	MUZAFFARPUR- SMVT BENGALURU	15228	16:05	16:15	—	—	Mon
15619	Tue	23:15	23:25	22.17	22.19	GAYA-KAMAKHYA	Express	KAMAKHYA- GAYA	15620	20:05	20:15	20.47	20.49	Mon
15629	Wed	09:10	09:20	08.13	08.15	TAMBARAM-SILGHAT TOWN	Nagaon Express	SILGHAT TOWN- TAMBARAM	15630	04:00	04:10	04.42	04.44	Sat
15639	Wed	08:25	08:35	07.38	07.40	PURI- KAMAKHYA	Express	KAMAKHYA- PURI	15640	07:35	07:45	08.22	08.24	Mon
15643	Sun	15:00	15:10	13.50	13.52	PURI- KAMAKHYA	Express	KAMAKHYA- PURI	15644	13:45	13:55	14.27	14.29	Fri
15647	Sat	23:15	23:25	22.07	22.09	LOKMANYATILAK-GUWAHATI	Express	GUWAHATI- LOKMANYATILAK	15648	04:00	04:10	04.42	04.44	Wed
15657	Daily	00:05	00:15	22.41	22.43	DELHI- KAMAKHYA	Brahmaputra Mail	KAMAKHYA- DELHI	15658	03:35	03:45	04.17	04.19	Daily
15661	Thu	08:25	08:35	07.38	07.40	RANCHI- KAMAKHYA	Express	KAMAKHYA- RANCHI	15662	02:00	02:10	02.42	02.44	Wed
15709	Daily	START	16:50	—	—	MALDA TOWN-NEW JALPAIGURI	Express	NEW JALPAIGURI- MALDA TOWN	15710	12:50	ENDS	—	—	Daily
15711	Wed	04:00	04:10	—	—	HOWRAH-KATIHAR	Express	KATIHAR- HOWRAH	15712	00:55	01:05	—	—	Tue
15721	Sun	04:00	04:10	—	—	DIGHA- NEW JALPAIGURI	Paharia Express	NEW JALPAIGURI- DIGHA	15722	00:55	01:05	—	—	Sat
15733	Mon, Thu, Sat	19.25	19.35	20.14	20.21	BALURGHAT-BATHINDA	Farakka Express	NBATHINDA- BALURGHAT-	15734	09:50	10:00	08.55	09.00	Wed, Fri, Mon
15743	Tue, Wed, Fri, Sun	19.25	19.35	20.14	20.21	BALURGHAT-BATHINDA	Farakka Express	NBATHINDA- BALURGHAT-	15744	09:50	10:00	08.55	09.00	Thu, Sat, Sun,Tue
15929	Sat	09:10	09:20	08.13	08.15	TAMBARAM-NEW TINSUKIA	Express	NEW TINSUKIA- TAMBARAM	15930	04:00	04:10	04.42	04.44	Tue
15959	Sun, Mon, Wed, Thu, Fri	01:25	01:35	00.27	00.32	HOWRAH-DIBRUGARH	Kamrup Express	DIBRUGARH- HOWRAH	15960	21:50	22:00	22.32	22.37	Sun, Tue, Wed, Thu, Sat
15961	Tue, Sat	01:25	01:35	00.27	00.32	HOWRAH-DIBRUGARH	Kamrup Express	DIBRUGARH- HOWRAH	15962	21:50	22:00	22.32	22.37	Mon, Fri
20501	Wed	15:00	15:10	—	—	AGARTALA-ANANDVIHAR TERMINAL	AGTL Tegas Raj Express	ANANDVIHAR TERMINAL-AGARTALA	20502	16:25	16:35	—	—	Wed
20507	Sat	14:50	15:00	—	—	SAIRANG-ANAND VIHAR TARMINAL	Rajdhani Express	ANAND VIHAR TARMINAL-SAIRANG	20508	—	—	16:15	16:25	Mon
22301	Daily except Wed	10:32	10:35	—	—	HOWRAH- NEW JALPAIGURI	Vande Bharat Express	NEW JALPAIGURI- HOWRAH	22302	17:55	17:58	—	—	Daily Except Wed
22501	Wed	17:05	17:15	—	—	SMVT BENGALURU- NEW TINSUKIA	SF Express	NEW TINSUKIA- SMVT BENGALURU	22502	18:50	19:00	—	—	Sat
22503	Sat, Tue	20:05	20:15	—	—	KANYAKUMARI-DIBRUGARH	Vivek Express	DIBRUGARH- KANYAKUMARI	22504	19:45	19:55	—	—	Wed, Sun
22511	Thu	01:10	01:20	—	—	LOKMANYATILAK-KAMAKHYA	Karmabhoomi SF	ExpressKAMAKHYA- LOKMANYATILAK	22512	07:35	07:45	—	—	Sun
22611	Thu	23:15	23:25	—	—	MAS CHENNAI CENTRAL- NEW JALPAIGURI	SF Express	NEW JALPAIGURI- MAS CHENNAI CENTRAL	22612	02:00	02:10	—	—	Sat
Passenger Trains														
03767	Daily	08:55	ENDS	07.59	08.01	SAHIBGANJ- MALDA TOWN	Passenger	MALDA TOWN- SAHIBGANJ	03768	START	16:30	17.21	17.23	Daily
05421	Daily	START	07:00	—	—	MALDA TOWN-BALURGHAT	Passenger	BALURGHAT - MALDA TOWN	05422	20:45	ENDS	—	—	Daily
05701	Daily	START	08:00	—	—	MALDA TOWN-KATIHAR	Passenger	KATIHAR - MALDA TOWN	05702	18:30	ENDS	—	—	Daily
05771	Daily	START	17:30	—	—	MALDA COURT-KATIHAR	Passenger	KATIHAR - MALDA COURT	05772	09:45	ENDS	—	—	Daily
07519	Daily	START	06:30	—	—	MALDA COURT-SILIGURI JN.	Passenger	SILIGURI JN. - MALDA COURT	07520	18:15	ENDS	—	—	Daily
53027	Daily	19:45	ENDS	18.18	18.20	AZIMGANJ- MALDA TOWN	Passenger	MALDA TOWN- AZIMGANJ	53028	START	07:10	07.58	08.02	Daily

Publish, Printed & Copyright reserved by Mass Media. ● Source : https://enquiry.indianrail.gov.in/mntes/

Guide - [589]_Jaruree Guide 01-12-2025 22:18 Page 4

বেকারত্বের রোগমুক্তির সেরা উপায়

এমএলটি কোর্স

মেডিক্যাল ল্যাবরেটরি কেটনোলজি (এমএলটি) ডায়াগনস্টিক পরিষেবার মেরুদণ্ড। স্বাস্থ্য পরিষেবার প্রযুক্তিগত পড়াশোনা নিয়ে আগ্রহীদের জন্য বিএসসি মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি একটি আদর্শ কোর্স।

স্বাস্থই সম্পদ। আবার স্বাস্থ্য চিন্তারও কারণ। বেঁচে থাকলে অসুখ-বিসুখ হবেই। কিন্তু সুস্থ তো হতে হবে। সুস্থ হতে গেলে আবার শুধু ডাক্তারের সেবা দিয়েই তো সম্ভব নয়, চিকিৎসককে পরিচালনা করবে মেডিক্যাল টেকনোলজি অর্থাৎ নানা ধরনের পরীক্ষা-নিরীক্ষা, রিপোর্ট-এইসব। আর এইসব নিয়েই পড়াশোনা করে সারা পৃথিবীতেই এক দারুণ কেরিয়ারের সুযোগ পেতে পারেন পড়ুয়ারা।

কোর্সের বিবরণ ঃ

বিএসসি মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি চার বছরের একটি স্নাতক কোর্স। যা রোগ নির্ণয়, চিকিৎসা এবং প্রতিরোধের জন্য নানা ধরনের পরীক্ষা-নিরীক্ষার বিষয়ে প্রশিক্ষণ দেয়। এই কোর্সে ক্লিনিক্যাল বায়োকেমিস্ট্রি, মাইক্রোবায়োলজি, প্যাথোলজি, ইটিউনোলজি এবং হেমাটোলজির মতো বিষয়গুলি শেখানো হয়। পড়ুয়ারা আধুনিক ল্যাবরেটরি যন্ত্রপাতি পরিচালনা, নমুনা বিশ্লেষণ এবং পরীক্ষার মান নিয়ন্ত্রণে দক্ষতা অর্জন করে।

যোগ্যতা ঃ

✦ স্বীকৃত বোর্ড থেকে ১০ ২ বা সমতুল্য পরীক্ষা উত্তীর্ণ।

✦ পদার্থবিদ্যা, রসায়ন এবং জীববিদ্যা / গণিত বাধ্যতামূলক বিষয়।

✦ অধিকাংশ প্রতিষ্ঠানে ১০ ২ পরীক্ষায় ৫০-৬০ শতাংশ নম্বরের প্রয়োজন হয়।

✦ কিছু বিশ্ববিদ্যালয়ে প্রবেশিকা পরীক্ষা নেওয়া হয়, আবার কিছু ক্ষেত্রে মেধার ভিত্তিতে ভর্তি হয়।

সিলেবাস

পাঠ্যক্রম সাধারণত নিম্নরূপ ঃ

✦ মানব শারীরবিদ্যা ও শারীরবৃত্তি
✦ ক্লিনিক্যাল বায়োকেমিস্ট্রি
✦ প্যাথলজি ও সাইটোলজি
✦ মাইক্রোবায়োলজি
✦ হেমাটোলজি ও ব্লাড ব্যাঙ্কিং
✦ ল্যাবরেটরি ম্যানেজমেন্ট
✦ ল্যাবরেটরিতে পরীক্ষার গুণগত মান নিয়ন্ত্রণ চূড়ান্ত সেমেস্টারে শিক্ষার্থীরা ইন্টার্নশিপ বা ক্লিনিক্যাল প্রশিক্ষণ নেয় বা তাদের মেডিক্যাল ল্যাবরেটরি এবং ডায়াগনস্টিক সেন্টারগুলিতে বাস্তব অভিজ্ঞতা প্রদান করে।

উচ্চশিক্ষার সুযোগ ঃ

বিএসসি মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি সম্পন্ন করার পরে ছাত্র-ছাত্রীরা বিভিন্ন উচ্চশিক্ষার সুযোগ পেতে পারে।

✦ **এমএসসি মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি ঃ**
✦ ক্লিনিক্যাল বায়োকেমিস্ট্রি, মাইক্রোবায়োলজি, হেমাটোলজিতে বিশেষজ্ঞ হওয়ার সুযোগ।
✦ **স্নাতকোত্তর ডিপ্লোমা ঃ**
✦ জেনেটিক ডায়াগনস্টিক, ক্লিনিক্যাল রিসার্চ বা মেডিক্যাল ইমেজিং টেকনোলজি ডিপ্লোমা।
✦ **মাস্টার অফ পাবলিক হেলথ ঃ**
✦ জনস্বাস্থ্য নীতি, মহামারী বিদ্যা এবং স্বাস্থ্য প্রশাসনের উপর জোর দেওয়া।
✦ **পিএইচডি প্রোগ্রাম ঃ**
✦ ল্যাবরেটরি সায়েন্স বা সংশ্লিষ্ট ক্ষেত্রে গবেষণা।

কেরিয়ারের সম্ভাবনা ঃ

মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান ঃ

বিশেষজ্ঞদের তত্ত্বাবধঅনে নিয়মিত ও বিশেষায়িত পরীক্ষাগুলি সম্পন্ন করা।

✦ **ল্যাব সুপারভাইজার/ম্যানেজার ঃ**
ল্যাব পরিচালনা এবং মান নিয়ন্ত্রণ।
✦ **গবেষণা সহযোগী ঃ**
✦ ক্লিনিক্যাল ট্রায়াল এবং গবেষণা প্রকল্পে কাজ।
✦ **প্যাথলজি টেকনিশিয়ান ঃ**
✦ টিস্যুর নমুনা বিশ্লেষণে সহায়তা করা।
বায়োটেকনোলজিস্ট ঃ
✦ জেনেটিক টেস্টিং, মলিকিউলার বায়োলজি বা বায়োইনফরমেটিক্স ল্যাবে কাজ।
✦ **সরকারি ক্ষেত্রে সুযোগ ঃ** সরকারি হাসপাতালে, জনস্বাস্থ্য ল্যাব এবং গবেষণা সংস্থা যেমন আইসিএমআর-এ চাকরির সুযোগ।
✦ **বেসরকারি ক্ষেত্রের সুযোগ ঃ** বিভিন্ন বেসরকারি প্যাথ-ল্যাবে নিয়মিত এমএলটি স্নাতকরে নিয়োগ করে।

শিক্ষা ও অ্যাকাডেমিয়া ঃ

স্নাতকোত্তর ও পিএইচডি ডিগ্রিধারীরা মেডিক্যাল কলেজ ও বিশ্বদ্যিালয়ে অধ্যাপনা ও গবেষণা ক্ষেত্রে কেরিয়ার থাকতে পারে।

উদ্যোক্তা হওয়ার সুযোগ ঃ

অভিজ্ঞতা অর্জনের পর নিজের ডায়াগনস্টিক ল্যাব বা কনসালটেন্সি পরিসেবা শুরু করা সম্ভব।

বেতন কাঠামো ঃ

দেশে বিএসসি, এমএলটি স্নাতকদের প্রারম্ভিক বেতন বছরে ২.৫ থেকে ৪ লক্ষের মধ্যে অভিজ্ঞতা এবং অতিরক্তি যোগ্যতার সঙ্গে স্পেশালাইজেশন থাকলে ৬ থেকে ১২ লক্ষ বা তার বেশি আয় সম্ভব।

ভবিষ্যতের সম্ভাবনা ঃ

মেডিক্যাল প্রযুক্তির অবগতি, ডায়াগনস্টিক ল্যাবের সংখ্যা বৃদ্ধির কারণে এমএলটি পেশাদারদের চাহিদা দ্রুত বাড়ছে। চাকরির সুযোগের নিরিখে ভাবতে মেডিক্যাল পরিষেবা একটি দারুণ সম্ভাবনাময় ক্ষেত্র। এই ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখঅর সুযোগ রয়েছে। রয়েছে মজবুত কেরিয়ার গঠনেরও সুযোগ। বিএসসি মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি কোর্স স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে পড়ুয়াদের জন্য একটি চমৎকার বিকল্প।

কার্ডিওলজিস্ট (সোমবার - শনিবার)
ডাঃ মৃনাল কান্তি সাহা, এম.বি.বি.এস. (কলি), ডিপ্লোমা (কার্ডিও)
ডাঃ প্রলয় রঞ্জন দাস এম.বি.বি.এস., এফ.সি.সি.এস., ক্রিটিক্যাল কেয়ার অ্যান্ড ফেলোশিপ ইন ক্লিনিক্যাল কার্ডিও
পেডিয়াট্রিক্স (প্রতি শুক্রবার - শনিবার)
ডাঃ মহঃ আলমগীর আলম
এম.বি.বি.এস. (কোল), এম.ডি. (পেডিয়াট্রিক্স)
কোলকাতা মেডিক্যাল কলেজ, পি.জি.পি.এন. প্রো (বোস্টন ইউনিভার্সিটি)
প্রাক্তন মেডিক্যাল অফিসার (এস.এন.সি.ইউ.)
নবজাতক ও শিশুরোগ বিশেষজ্ঞ
রায়গঞ্জ মেডিক্যাল কলেজ ও হাসপাতাল
শ্রীকৃষ্ণ মেডিসিন সেন্টার
গৌড় রোড মোড়ের কাছে কে. জে. সান্যাল রোড, মালদা।
M : 73843 20877 (W) / 83486 56236

চানাচুরে ক্ষতি যত

চানাচুর খেতে আমরা অনেকেই পছন্দ করি। অথচ চানাচুর আমাদের কোনও উপকার তো করেই না, বরং ক্ষতি করে বেশি যেমন —

✷ চানাচুর উচ্চ ক্যালোরির খাবার। কারণ, এতে তেলের পরিমাণ বেশি। অল্প চানাচুর খেলেও ওজন বাড়ার ঝুঁকি থাকে। কোনও কোনও চানাচুরে স্বাদের বৈচিত্র্য আনতে চিনিও যোগ করা হয়ে থাকে। চিনি যোগ করা চানাচুরে বাড়তি ক্যালোরি যোগ করা হয়। ফলে স্বাস্থ্যঝুঁকি থেকেই যায়।

✷ চানাচুরে বেশ খানিকটা লবণ থাকে। সুস্থ থাকতে বাড়তি লবণযুক্ত খাবার এড়িয়ে চলা উচিত।

✷ অধিকাংশ চানাচুরই তেলে ডিপ ফ্রাই করে তৈরি করা হয়। একই তেল বারবার ব্যবহার করা হয়। অর্থাৎ চানাচুর তৈরির প্রক্রিয়াই এমন যে এতে ট্রান্স ফ্যাট থাকে। তাই চানাচুর খেলে রক্তে খারাপ চর্বির মাত্রা বাড়তে পারে।

✷ বিভিন্নরকম মশলা থাকায় চানাচুর খেলে অনেকের অ্যাসিডিটি হয়।

✷ চানাচুর তৈরি হয় ডাল থেকে। চানাচুর খেলে ইউরিক অ্যাসিডের মাত্রা বাড়তে পারে। যাঁদের দীর্ঘমেয়াদি কিডনির রোগ আছে কিংবা যাঁরা এ রোগের ঝুঁকিতে আছেন, তাঁদের জন্য অতিরিক্ত ডাল ও লবণ ক্ষতিকর। তাঁদের তাই চানাচুর এড়িয়ে চলা উচিত। পুষ্টিগত দিক থেকে চানাচুরের কোনও উপকারিতা নেই। তাই যে কোনও বয়সি মানুষেরই চানাচুর না খাওয়া উচিত। তবে ইচ্ছে করল মাঝে মধ্যে খেতে পারেন, তাই বলে নিয়মিত নয় এবং মুঠো ভরেও নয়। প্রয়োজনে মুড়ির সঙ্গে মিশিয়ে খান।

মনে রাখতে হবে, বয়োঃজ্যেষ্ঠ কিংবা যাঁরা উচ্চ রক্তচাপ, ডায়াবিটিস, হৃদরোগ, দীর্ঘমেয়াদি কিডনির রোগ বা পেপটিক আলসার ডিজিজে ভুগছেন কিংবা যাঁদের ইউরিক অ্যাসিড বা খারাপ কোলেস্টেরলের মাত্রা বেশি, কালভদ্রে কম করে চানাচুর খাওয়াও তাঁদের এড়িয়ে চলা উচিত।

MMC
Malda
ISO 9001 : 2015 & NABH Certified Hospital
সুপার স্পেশালিস্ট বহিঃ বিভাগের ডাক্তারদের তালিকা

SPECIALIST	DOCTORS NAME	AVAILABILITY
গ্যাস্ট্রোএন্ট্রোলজিস্ট	ডাঃ নিরাজ আগরওয়ালা এম.ডি, ডি.এম. (গ্যাস্ট্রো)	সোম থেকে শুক্র
	ডাঃ আবদুল্লাহ মহম্মদ হাসান এম.ডি (মেডিসিন), ডি.এম (হেপাটোলজি)	প্রতি শনিবার
বিশিষ্ট অনকোলজিস্ট	ডাঃ অনিমেষ সাহা এম.ডি (রেডিয়েশন এবং অনকোলজি)	12.12.2025
	ডাঃ বিকাশ কুমার আগরওয়াল এম.ডি (রেডিয়েশন এবং অনকোলজি)	12.12.2025
বিশিষ্ট কার্ডিওলজিস্ট	ডাঃ আশফাক আহমেদ এম.ডি, ডি.এম (কার্ডিওলজি)	14.12.2025
নিউরো ফিজিসিয়ান	ডাঃ কৌশিক কর্মকার এম.ডি, ডি.এম পি.ডি.টি (নিউরো)	14.12.2025
ইউরোলজিস্ট ও সার্জেন	ডাঃ কুন্তল পন্ডিত এম.এস, ডি.এন.বি (ইউরো)	17.12.2025
	ডাঃ ইসফাক আহমেদ জিলানী এম.এস, এম.আর.সি.এস, ডি.এন.বি	21.12.2025
ইনফার্টিলিটি ক্লিনিক	ডাঃ সুপর্ণা ব্যানার্জী ডি.জি.ও, এম.ডি, এম.আর.সি.ও.জি	18.12.2025
পেডিয়াট্রিক হেমাটোলজিস্ট	ডাঃ স্নেহা আগরওয়ালা এম.ডি. (পি.এ.ই.ডি), এফ.এন.বি	21.12.2025
চক্ষুরোগ বিশেষজ্ঞ ও সার্জেন	ডাঃ আঁচল আগরওয়াল এম.বি.বি.এস, ডি.ও (আর আই ও, কোল)	প্রতিদিন
নিউরো সার্জেন	ডাঃ শেখ ইমরান আলি এম.বি.বি.এস, ডি.এন.বি, এম.সি.এইচ, (নিউরো)	28.12.2025
	ডাঃ অশোক কুমার আচার্য্য এম.এস, এম.সি.এইচ (নিউরো)	প্রতি মঙ্গল ও বুধবার
গ্যাস্ট্রো সার্জেন	ডাঃ সন্দীপ ইয়েলেটি ডি এন বি, এফ এম এ এস	28.12.2025

২৪×৭ নার্সিং হোম পরিষেবা ও ৩৬৫ দিন ডায়াগনস্টিক ও ই.সি.জি
TPA / ক্যাসলেশ ইন্স্যুরেন্স / প্যাকেজের সুবিধা
মালদা মেডিক্যাল সেন্টার প্রাঃ লিঃ
কে. জে. সান্যাল রোড, মকদুমপুর, মালদা - ৭৩২১০৩
8170007650 / 9434052889
Find us www.mmchospitals.com

MMC SKIN INSTITUTE
এমএমসি স্কিন ইন্স্টিটিউট
লেজার | স্কিন | হেয়ার | নেল | কসমেটিক
চর্ম, চুল এবং নখের সমস্ত চিকিৎসা
লেজার চিকিৎসা
স্কিন কেয়ার / থেরাপি
হেয়ার ট্রিটমেন্ট
সার্জারি
আগে পরে
ডাঃ নিশান্ত আগরওয়ালা
এম.ডি (স্কিন), গোল্ড মেডালিস্ট
রুগী দেখছেন - সকাল ১০.৩০ টা থেকে দুপুর ১.৩০ টা (প্রতিদিন) সন্ধ্যা ৬.০০ টা থেকে ৭.৩০ টা (বৃহস্পতি ও রবিবার বাদে)
97499 97231 / 81700 81960 | www.drnishantagarwala.com

শিশুদের ভবিষ্যৎ সুরক্ষায় বিনিয়োগ

আপনার সন্তানের ভবিষ্যতের জন্য বিনিয়োগই সব থেকে বড় উপহার হতে পারে। আপনার সুপরিকল্পিত বিনিয়োগই ছোট শিশুর লক্ষ্য পূরণে সহায়তা করবে। যত তাড়াতাড়ি বিনিয়োগ শুরু করবেন, বিনিয়োগ করা সম্পদ তত বেশি বাড়িয়ে নেওয়া যাবে। শিশু দিবসের প্রাক্কালে সেই বিনিয়োগ নিয়ে জানাচ্ছেন বিশিষ্ট আর্থিক উপদেষ্টা কৌশিক রায়।

সঞ্চয় এবং বিনিয়োগের অন্যতম উদ্দেশ্যই হল সন্তানের সুরক্ষিত ভবিষ্যৎ। সেই উদ্দেশ্যে কমবেশি বিনিয়োগ করে থাকেন অনেকেই। বর্তমান পরিপ্রেক্ষিতে সেই বিনিয়োগ অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। যেভাবে দিন দিন উচ্চশিক্ষার খরচ বাড়ছে বা ভবিষ্যতে কর্মসংস্থান নিয়ে অনিশ্চয়তা বাড়ছে তাতে সঠিক পরিকল্পনায় বিনিয়োগ করলে তবেই আপনার সন্তানের ভবিষ্যৎ সুরক্ষিত হবে।

প্রাথমিক উদ্যোগ

➪ এখন সন্তান জন্মানোর পরই হাতে জন্ম শংসাপত্র (বার্থ সার্টিফিকেট) পাওয়া যায়। এরপর প্রয়োজন আধার কার্ড। আয়কর সংক্রান্ত বিষয়ের জন্য চাই প্যান কার্ডও।

➪ সন্তানের নামে একটি সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট থাকাও জরুরি। এখন নাবালকদের জন্য ন্যূনতম জমা না রাখারও সুবিধা দিচ্ছে বিভিন্ন ব্যাংক। তাদের সাবালক হওয়া পর্যন্ত বাবা-মা বা অভিভাবকরা এই অ্যাকাউন্ট ব্যবহার করতে পারেন।

➪ এদেশে সন্তানের জন্য বিনিয়োগের মূল উদ্দেশ্য থাকে সন্তানের উচ্চশিক্ষা। দেশে বা বিদেশে উচ্চশিক্ষার জন্য খরচ দিন দিন বাড়ছে। তাই দেরি না করে সন্তানের কম বয়সে লগ্নি শুরু করলে সেই লক্ষ্যপূরণ করা যায় সহজেই।

➪ আপনার মোট বিনিয়োগের কত অংশ সন্তানের ভবিষ্যৎ সুরক্ষায় বরাদ্দ করবেন তা নির্ধারণ করতে হবে।

➪ যেখানেই বিনিয়োগ করুন না কেন নিয়মিতভাবে সেই পোর্টফোলিও বিশ্লেষণ করা দরকার। আর্থিক লক্ষ্য এবং ঝুঁকির মাত্রা ইত্যাদিও বিবেচনায় রাখতে হবে।

সুকন্যা সমৃদ্ধি যোজনা

কন্যাসন্তানের জন্য সব থেকে গুরুত্বপূর্ণ এবং প্রয়োজনীয় বিনিয়োগ প্রকল্প হল সুকন্যা সমৃদ্ধি যোজনা। ১০ বছরের কম বয়সি কোনও সন্তানের জন্য অভিভাবকরা এই প্রকল্পে যোগ দিতে পারেন। কন্যাসন্তানের উচ্চশিক্ষা এবং বিয়ের খরচ মেটাতে ভবিষ্যতে বড় ভূমিকা নিতে পারে এই বিনিয়োগ।

বৈশিষ্ট্য :

➪ ডাকঘর এবং কয়েকটি ব্যাংকে এই অ্যাকাউন্ট খোলা যায়।

➪ কন্যাসন্তানের বয়স ১০ বছরের কম হতে হবে।

➪ ন্যূনতম ২৫০ টাকা এবং বার্ষিক সর্বোচ্চ ১.৫ লক্ষ টাকা এই প্রকল্পে জমা করা যায়।

➪ বর্তমান সুদের হার ৮.২ শতাংশ।

➪ অ্যাকাউন্ট খোলার পর ১৫ বছর টাকা জমা করতে হয়। ২১ বছর পর পুরো টাকা তোলা যায়।

➪ বিশেষ পরিস্থিতিতে ১৮ বছর বয়সের পর অ্যাকাউন্ট থেকে টাকা তোলা বা বন্ধ করা যায়।

➪ ৮০সি ধারায় কর ছাড় পাওয়া যায়।

➪ প্রতি পরিবার সর্বাধিক দুটি অ্যাকাউন্ট খুলতে পারবেন।

➪ এই প্রকল্পে প্রাপ্ত সুদে কোনও কর দিতে হয় না।

➪ মেয়াদ শেষের আগে শুধুমাত্র শিক্ষা বা বিবাহের খরচের জন্য অনুমতি সাপেক্ষে টাকা তোলা যায়।

চিলড্রেন্স মিউচুয়াল ফান্ড

এটি এক ধরনের মিউচুয়াল ফান্ড যা আপনার সন্তানের ভবিষ্যতের জন্য সঞ্চয়ে সহায়তা করে। দীর্ঘমেয়াদি বৃদ্ধির লক্ষ্যে স্টক এবং বন্ডে এই ফান্ডের তহবিলে বিনিয়োগ করা হয়। ঝুঁকি এবং সম্ভাব্য রিটার্ন বিচার করে স্টক এবং বন্ডের মধ্যে বিনিয়োগের ভাগ বরাদ্দ করেন ফান্ড ম্যানেজাররা। এই ধরনের ফান্ডে ৫ বছরের লক-ইন পিরিয়ড থাকে। শিশু প্রাপ্ত বয়স্ক না হওয়া পর্যন্ত এই মেয়াদ বাড়ানো যায়।

বৈশিষ্ট্য

➪ সময়ের আগে এই ফান্ড ভাঙলে সাধারণত ৪ শতাংশের বেশি জরিমানা দিতে হয়।

➪ এই ফান্ডে বিনিয়োগ করলে আয়কর আইনের ৮০সি ধারায় কর ছাড় পাওয়া যায়।

➪ সন্তান প্রাপ্তবয়স্ক হলে বিনিয়োগের মালিকানা হস্তান্তর করা যায়।

➪ মেয়াদপূর্তির পর ফেরত পাওয়া অর্থের ওপর কর ধার্য করা হয়।

এনপিএস বাৎসল্য

এনপিএস বাৎসল্য প্রকল্প হল ন্যাশনাল পেনশন সিস্টেমের একটি ভাগ যা ১৮ বছরের কম বয়সিদের জন্য তৈরি করা। অভিভাবকরা তাঁদের সন্তানের জন্য এই প্রকল্পে টাকা রাখতে পারেন। সন্তানের বয়স ১৮ বছর হয়ে গেলে এটি সাধারণ এনপিএস অ্যাকাউন্টে পরিবর্তিত হয়ে যাবে।

বৈশিষ্ট্য

➪ বার্ষিক মাত্র ১০০০ টাকা জমা দিয়ে এই প্রকল্প শুরু করা যাবে।

➪ ১৮ বছর বয়স পর্যন্ত প্রত্যেক নাবালক নাগরিক এই প্রকল্পের যোগ্য। তাদের জন্য অ্যাকাউন্ট খুলবেন অভিভাবকরা।

➪ যেদিন অ্যাকাউন্ট খোলা হবে সেই দিন থেকে ৩ বছর পর জমানো টাকার কিছু অংশ তোলা যাবে। টাকা তোলার ঊর্ধ্বসীমা ২৫ শতাংশ।

➪ অ্যাকাউন্ট খোলার পর নাবালক সন্তানের নামে 'পার্মানেন্ট রিটায়ারমেন্ট অ্যাকাউন্ট নাম্বার' (পিআরএএন) কার্ড পাওয়া যাবে।

➪ গ্রাহকের বয়স ১৮ বছর হলে এই অ্যাকাউন্ট সাধারণ এনপিএস অ্যাকাউন্টে পরিবর্তিত হয়ে যাবে। চাকরি পেলে কর্মক্ষেত্রের এনপিএসেও পরিবর্তন করা যাবে।

অন্যান্য

সন্তানের ভবিষ্যৎ সুরক্ষায় এছাড়াও অনেকগুলি লগ্নির বিকল্প রয়েছে। মেয়াদ, আর্থিক লক্ষ্য ও ঝুঁকি বিবেচনা করে এই বিকল্পগুলিও বেছে নিতে পারেন লগ্নিকারীরা।

বিমা : সন্তানের কথা মাথায় রেখে বিভিন্ন প্রকল্প বাজারে চালু করেছে রাষ্ট্রায়ত্ত জীবনবিমা নগম সহ বিভিন্ন বেসরকারি সংস্থা। অভিভাবকের হঠাৎ মৃত্যু হলে বিমা থেকে প্রাপ্ত অর্থ সন্তানের জন্য অমূল্য হতে পারে। বিমায় লগ্নি ৮০সি ধারায় কর ছাড় যোগ্য।

পিপিএফ : পাবলিক প্রভিডেন্ট ফান্ড ডাকঘর এবং প্রথম শ্রেণির কয়েকটি ব্যাংকে খোলা যায়। মেয়াদ হয় ১৫ বছরের। বছরে ১.৫ লক্ষ টাকা পর্যন্ত এই প্রকল্পে জমা করা যায়। বর্তমান সুদের হার ৭.১ শতাংশ। এতে কর ছাড় পাওয়া যায়।

এফডি : ফিক্সড ডিপোজিট বা এফডি-তে নিশ্চিত রিটার্ন পাওয়া যায়। ৭ দিন থেকে ১০ বছরের মেয়াদে এফডি করা যায়। মেয়াদ ভেদে সুদের হার বিভিন্ন হয়। এফডি থেকে আয় কর যোগ্য।

এনএসসি : ন্যাশনাল সেভিংস সার্টিফিকেট হল ভারত সরকারের একটি স্বল্প সঞ্চয় প্রকল্প। বর্তমানে এই প্রকল্পে সুদের হার ৭.৭ শতাংশ। মেয়াদ ৫ বছরের। সর্বনিম্ন ১০০০ টাকা বিনিয়োগ করা যায়। বিনিয়োগের কোনও ঊর্ধ্বসীমা নেই। বিনিয়োগে কর ছাড় পাওয়া যায়।